

নারী নির্যাতনের বিরুদ্ধে ফ্রান্সজুড়ে বিক্ষোভ

● ● ● ●

সারে-জমিন





রেল পরিষেবা উন্নতির দাবিতে ডেপুটেশন সিটুর

রূপসী বাংলা



শ্রীলঙ্কার সংখ্যালঘুদের জীবন কতটা বদলাতে পারবেন অনূঢ়া

সম্পাদকীয়



বেহাল রাস্তা, পথ অবরোধ বাঁকড়ার সর্দারপাড়ায়

সাধারণ



কোহলি-জয়সোয়ালের সেঞ্চুরির পর বুমরা ও সিরাজের ২০ বলের

● ● ● ●

খেলতে খেলতে

# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

সোমবার
২৫ নভেম্বর, ২০২৪
১০ অগ্রহায়ন ১৪৩১
২২ জমাদিউল আউয়াল, ১৪৪৬ হিজরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 318 ■ Daily APONZONE ■ 25 November 2024 ■ Monday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com

### প্রথম নজর

## মেডিকেল কলেজ ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ড



**আপনজন ডেস্ক:** কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে আগুন আতঙ্ক। নিরাপদে রয়েছেন রোগীরা। দাবি কলকাতা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষের। দমকল সূত্রে জানা গেছে কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে মেন বিল্ডিং - এর দোতলার বাথরুমে আগুন লাগে। প্রথমে দাউ দাউ করে আগুন জ্বলে ওঠে। তৎক্ষণাৎ দমকল বাহিনী তিনটি ইঞ্জিন নিয়ে হাসপাতালে ছুটে আসে। আগুন কিছুক্ষণের চেষ্টায় নিভিয়ে ফেলা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান মেন বিল্ডিং এর দোতলার টয়লেট বিভাগে কোনভাবে আগুন লাগে। নিমিষে আগুন বাড়তে থাকে। ধোঁয়া ছড়িয়ে পড়ে। হাসপাতালের মেন বিল্ডিং এর দোতলায় কার্ডিওলজি বিভাগ আছে। তার পাশে বাথরুমে আগুন লেগেছিল। হাসপাতালের কর্মী, দমকল বাহিনী ও পুলিশ তৎপরতার সঙ্গে আগুন নিভিয়ে ফেলে। রোগীরা পুরোপুরি নিরাপদে আছে বলে দাবি করেন হাসপাতালের এম এস ভিপি অঞ্জন অধিকারী।

### যোগী রাজ্যে বাবর নির্মিত আরও ঐতিহ্য স্মারক অস্তিত্ব সঙ্কটে

# মসজিদে সার্ভের বিরুদ্ধে বিক্ষোভে পুলিশের গুলি, হত তিন মুসলিম

**আপনজন ডেস্ক:** রবিবার উত্তরপ্রদেশের সম্ভলে মুঘল আমলের শাহি জামা মসজিদের সমীক্ষার বিরোধিতা করা একদল জনতার সঙ্গে পুলিশের সংঘর্ষে তিন মুসলিম যুবক নিহত হন। স্থানীয় মুসলিমরা পুলিশের গুলিতে তিনজনের মৃত্যু হয়েছে বলে অভিযোগ করলেও প্রশাসন দাবি করার চেষ্টা করে যে তারা জনতার সদস্যদের মধ্যে গোলাগুলিতে নিহত হয়েছে। এক ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তা জানিয়েছেন, বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে এবং সমীক্ষা দলকে ওই এলাকা থেকে সরিয়ে নিতে পুলিশ কেবল কাঁদানে গ্যাস নিক্ষেপ করে এবং প্লাস্টিক বুলেট ব্যবহার করে। মোরাদাবাদের ডিভিশনাল কমিশনার অঞ্জনেয় কুমার সিং জানিয়েছেন, গুলিবর্ষণের ঘটনায় নিহত তিনজনের নাম নাঈম, নোমান ও বিলাল। পাথরের আঘাতে ১৫-২০ জন পুলিশ কনস্টেবল আহত হয়েছেন, সম্ভল জেলা পুলিশ প্রধানের জনসংযোগ অফিসারের পায়ে গুলি লেগেছে, একজন ডেপুটি কালেক্টরের পা ভেঙে গেছে এবং একজন পুলিশ সার্কেল অফিসার আহত হয়েছেন। হিংসার সময় ছাদ থেকে পুলিশকে লক্ষ্য করে পাথর ছোড়ার অভিযোগে দুই মহিলা-সহ ১৫ জনকে আটক করা হয়েছে। ওই এলাকায় দাঁড়িয়ে থাকা তিন-চারটি গাড়ি ও কয়েকটি মোটরবাইকেও আগুন ধরিয়ে দেয় উত্তেজিত জনতা।

পুলিশ জানিয়েছে, সিসিটিভি ও ড্রোন ক্যামেরার ফুটেজের ভিত্তিতে যারা পাথর ছোড়ায় জড়িত ছিল তাদের খুঁজছে তারা। পুলিশ সুপার সম্ভল কৃষ্ণ কুমার বিষ্ণোই বলেন, জনতা পুলিশ ও প্রশাসনকে লক্ষ্যবস্তু করে চ্যালেঞ্জ করেছিল এবং এটি কোনও উচ্ছৃঙ্খল জনতার কাজ নয়।

স্থানীয় প্রশাসন ও পুলিশের উপস্থিতিতে স্থানীয় আদালত কর্তৃক নিযুক্ত একজন অ্যাডভোকেট কমিশনার যখন সমীক্ষা চালাচ্ছিলেন তখন শাহি জামা মসজিদের কাছে গলিতে হিংসা ছড়িয়ে পড়ে। হিন্দুত্ববাদী আইনজীবী হরিশঙ্কর জৈন এবং হিন্দু সাধু মহন্ত ঋষিরাজ গিরির নেতৃত্বে আট বাদী মামলা করে দাবি করেন, ১৫২৯ সালে বাবর হরি হরি মন্দির আংশিক ভেঙে মসজিদে রূপান্তরিত করার চেষ্টা করেন। সেই আবেদনের ভিত্তিতে ২৪ নভেম্বর সিভিল জজের সিনিয়র ডিভিশন আদিত্য সিং মসজিদে প্রবেশের অধিকার দাবি করে একটি দেওয়ানি মামলার অংশ হিসাবে মসজিদটি আর্কেওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়াকে সমীক্ষার নির্দেশ দেন।



প্রথম সমীক্ষাটি স্থানীয় পুলিশ প্রশাসন ও মসজিদ কমিটির উপস্থিতিতে হয় ১৯ নভেম্বর। সেদিন মসজিদটি তড়িঘড়ি করে জরিপ শেষে ২৪ নভেম্বর সকালে দ্বিতীয় দফা ছবি তোলা ও ভিডিওগ্রাফির জন্য মসজিদে পৌঁছায় জরিপ দল। সকাল সাড়ে সাতটা নাগাদ শুরু হওয়া এই সমীক্ষা দু'ঘণ্টা ধরে চলার পর একদল লোক জড়ো হয়ে স্লোগান দিতে শুরু করে। পুলিশের অভিযোগ, উত্তেজিত জনতা পাথর ছুড়তে শুরু করে। বেলা ১১টার দিকে পরিস্থিতি আরও তীব্র আকার ধারণ করে যখন সমীক্ষক দল মসজিদের কাজ শেষ করে এলাকা ত্যাগ শুরু করে। নিহত নাঈমের চাচা ইরশাদ হুসেন সাংবাদিকদের সঙ্গে আলাপকালে অভিযোগ করেন, পুলিশ তাদের আক্রমণাত্মকভাবে পিছু হটতে শুরু করলে মসজিদ থেকে কিছুটা দূরে জড়ো হওয়া জনতা উচ্ছৃঙ্খল হয়ে ওঠে।


হুসেন বলেন, "পুলিশ এটা শুরু করেছে। এসপি বিষ্ণোই জানিয়েছেন, মুসলিম সম্প্রদায়ের উচ্ছৃঙ্খল জনতা পুলিশকে লক্ষ্য করে গুলি ও পাথর ছোড়ে। বিস্তারিত কিছু না জানিয়ে তিনি বলেন, 'পুলিশ পাল্টা ব্যবস্থা নিয়েছে। এক পুলিশ অফিসারের একটি প্রাইভেটকারেও আগুন ধরিয়ে দেয় দুষ্কৃতীরা। মিষ্টির দোকানের মালিক নাঈমের পরিবারের অভিযোগ, পুলিশ তার পেটে গুলি করে হত্যা করে । তার ভাই তাসলিম ও চাচা হুসেন সাংবাদিকদের বলেন, ঘটনাস্থলে উপস্থিত লোকজন বলেছেন, স্থানীয় সার্কেল অফিসারের নির্দেশে পুলিশ তাকে গুলি করেছে। এই অভিযোগের মুখোমুখি হলে ডিভিশনাল কমিশনার সিং সাংবাদিকদের বলেন, কেউ কিছু দেখেনি। তাদের কাছে কোনো প্রমাণ থাকলে তারা আমাদের কাছে আসবে। প্রমাণের ভিত্তিতে আমরা ব্যবস্থা নেব।

নাঈমের পরিবারের দাবি, তিনি মুদিখানার জিনিসপত্র কিনতে বেরিয়েছিলেন।

ঊর্ধ্বতন আইএএস অফিসার আরও অভিযোগ করেছেন যে বিক্ষোভকারীরা একে অপরকে লক্ষ্য করে গুলি চালিয়েছিল, যদিও এর কোনও ভিডিওগ্রাফিক প্রমাণ নেই। সমাজবাদী পার্টি (এসপি) প্রধান অখিলেশ যাদবের একটি সহ সোশ্যাল মিডিয়ায় শেয়ার করা ভিডিওতে দেখা গেছে যে পুলিশ জনতাকে লক্ষ্য করে গুলি চালাচ্ছে, একজন অফিসারকে সমস্ত পুলিশ কর্মীদের নির্দেশ দিতে শোনা গেছে যারা তাদের দিকে পাথর ছুঁড়ছে বলে অভিযোগ রয়েছে। মৃত তিন জনের দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

উল্লেখ্য, প্রথম মুঘল সম্রাট বাবরের নির্দেশে নির্মিত এই মসজিদটি সম্ভল জেলার অফিসিয়াল ওয়েবসাইটে একটি "ঐতিহাসিক স্মৃতিস্তম্ভ" হিসাবে স্বীকৃত। মসজিদ কমিটির সদস্য জাফর আলি বলেন, মন্দির ভেঙে মসজিদ করা হয়েছে এমন কোনও প্রমাণ নেই।

# বিজেপির বিরুদ্ধে উস্কানির অভিযোগ অখিলেশের, শান্তির আবেদন মায়াবতীর



**আপনজন ডেস্ক:** রবিবার উত্তরপ্রদেশের সম্ভল জেলার জামা মসজিদ নিয়ে সমীক্ষার বিরুদ্ধে বিক্ষোভ চলাকালীন যোগী সরকারের পুলিশের গুলিতে তিনজনের মৃত্যুতে বিরোধী দলগুলি কাঠগড়ায় তুলল বিজেপি ও আরএসএসকে। কংগ্রেস রবিবার অভিযোগ করেছে যোগী আদিত্যনাথ প্রশাসন নিরীহদের হত্যার জন্য সম্পূর্ণরূপে দায়ী এবং কেবলমাত্র বিজেপি-আরএসএস সেখানে শান্তি-সম্প্রীতিতে "আগুন লাগানোর" জন্য দোষী। বিরোধী দল কংগ্রেস বলেছে যে সম্ভলে বিক্ষোভকারীদের উপর সরাসরি গুলি চালানোর ভিডিওগুলি আদিত্যনাথ ও বিজেপি-আরএসএসের "সুপরিকল্পিত ষড়যন্ত্রের" ভয়াবহ ফলাফলকে চিত্রিত করে। কংগ্রেসের মিডিয়া ও প্রচার বিভাগের প্রধান পবন খেরা বলেছেন, আদিত্যনাথের প্রশাসন আরও একবার সাম্প্রদায়িক সম্প্রীতির প্রতি নির্লজ্জ অবজ্ঞা দেখিয়েছে। তিনি অভিযোগ করেন, এই গোটা ঘটনায় বিজেপি চায়নি সমীক্ষা এগিয়ে যাক, না আটকাতে। এর একমাত্র উদ্দেশ্য ছিল সম্প্রীতি বিনষ্ট করা।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব অভিযোগ করেছেন, এই হিংসা শাসক দল বিজেপির 'পরিকল্পিত'। মসজিদে যখন জরিপ করা হয়ে গেছে, তখন কেন আবার নতুন করে জরিপ চালানো হল, এবং তাও সকালে এবং প্রস্তুতি ছাড়াই? সেই প্রশ্ন তুলেছেন যাদব। বিজেপি নেতৃত্বাধীন প্রশাসন এই ইস্যুটিকে 'আবেগ উস্কে দিতে' এবং 'নির্বাচনী অনিয়ম' থেকে দৃষ্টি ঘোরাতে ব্যবহার করছে বলেও অভিযোগ করেন তিনি।

বহুজন সমাজ পার্টির (বিএসপি) সভাপতি মায়াবতী অশান্তি রোধে সুপ্রিম কোর্ট এবং সরকার উভয়কেই বিষয়টি নজরে দেখার আহ্বান জানান।



## প্রথম নজর

# বহরমপুরের কাঁচা সবজির বাজারে টাস্ক ফোর্সের হানা



**আসিফ রনি ● বহরমপুর**

**আপনজন:** দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখতে বহরমপুরের মহাকুমা শাসকের নেতৃত্বে বহরমপুরের বিভিন্ন কাঁচা সবজির বাজারে টাস্ক ফোর্সের অভিযান । দাম বৃদ্ধি নিয়ে সরকারি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিলেন তিনি। শনিবার মুর্শিদাবাদ জেলার সদর শহর বহরমপুরের স্বর্ণময়ী বাজার , গোড়াবাজার সহ বহরমপুরের বিভিন্ন কাঁচা সবজির বাজারে বহরমপুরের এসডিও শুভঙ্কর রায়ের নেতৃত্বে টাস্ক ফোর্সের এক প্রতিনিধি দলের অভিযান চললো। মুখ্যমন্ত্রীর নির্দেশের পরেই দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি নিয়ন্ত্রণে মুলত এই অভিযান , সবজি বাজার ঘুরে প্রতিনিধি দল কথা বলেন বিক্রেতাদের সঙ্গে, সবজির দাম জিজ্ঞেস করেন তাদের। সবজির আকাশ ছোঁয়া দাম বৃদ্ধি, তাই সরজমিনের খতিয়ে দেখবার জন্য আজকের এই অভিযান বলে জানা গিয়েছে। এদিন সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বহরমপুরের এসডিও শুভঙ্কর রায় বলেন - কিছু কিছু জায়গায় দাম ঠিকঠাক নিলেও কিছু জায়গায় বেশি নিচ্ছে,আমরা তাদের সতর্ক করছি এবং প্রয়োজনে সরকারি ভাবে যা যা ব্যবস্থা নেওয়ার নেব। তিনি আরো বলেন আজকে আমরা ক্ষুদ্র ব্যবসায়ী বাজারে পরিদর্শনে এসেছিলাম, আগামীতে পাইকারি বাজারে যাব। প্রয়োজনে সরকারি ভাবে যা যা ব্যবস্থা নেওয়ার আছে সমস্ত কিছুই নেব।

# বিশুদ্ধ পানীয় জলের জন্য সজল ধারা



**রাকিবুল ইসলাম ● নওদা**

**আপনজন:** এলাকার মানুষকে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিতে সজল ধারা প্রকল্পের পানীয় জলের কল এর শুভ উদ্বোধন করা হল। রবিবার মুর্শিদাবাদের নওদার কেদারচাদপুর দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীনে ঝাউবোনা কাঠের ব্রিজ সংলগ্ন এলাকায় সৌরশক্তি দ্বারা পরিচালিত পাম্পের সাহায্যে পরিশ্রুত পানীয় জলের শুভ উদ্বোধন করলেন নওদার ব্লক তৃণমূল সভাপতি তথা জেলা পরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ শফিউজ্জামান শেখ। এদিন উপস্থিত ছিলেন স্থানীয় প্রধান,উপ প্রধান সহ সকল সদস্য গনেরা। বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা পেয়ে খুশি গ্রাম বাসীরা।

# হাড়োয়ার ফল প্রকাশ, উচ্ছ্বাসের ঢেউ আছড়ে পড়ল ভাঙড়েও



**সাদ্দাম হোসেন মিদ্দে ● ভাঙড়**

**আপনজন:** উত্তর চব্বিশ পরগনা জেলার ১২১ হাড়োয়া বিধানসভা উপনির্বাচনে ফলাফল প্রকাশ হয়েছে ২৩ নভেম্বর ২০২৪ শনিবার। জয়লাভ করেছে হাড়োয়ার ২ বারের বিধায়ক সদ্য প্রয়াত হাজি শেখ নুরুল ইসলামের পুত্র শেখ রবিউল ইসলাম। বিশাল জয়ে উচ্ছ্বসিত হাড়োয়ার তৃণমূল কর্মী-সমর্থকরা। উচ্ছ্বাসের ঢেউ আছড়ে পড়েছে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ভাঙড়েও। তবে তা রাজনৈতিক কারণে নয়, তা হল প্রশাসনিক কারণে।

বসিরহাট মহকুমার ডিএমডিসি পদে কর্মরত রয়েছেন ভাঙড় ২ নম্বর ব্লকের ভগবানপুর অঞ্চলের গুছড়িয়া গ্রামের বাসিন্দা মহম্মদ আবু তৈয়ব। তিনি উপ নির্বাচনে রিটার্নিং অফিসারের দ্বায়িত্বে ছিলেন। চুড়ান্ত পর্যায়ের গননা শেষে আবু তৈয়ব জয়ী ঘোষণা করেন রবিউল ইসলামকে। রবিউলের হাতে জয়ের সত্যাপন পত্রও তুলে দেন ভাঙড়ের আবু তৈয়ব। যা রাজ্যের প্রথম সারির কয়েকটি দূরদর্শন মাধ্যমে সম্প্রচারিত হয়। সম্প্রচারের অংশ আবু তৈয়ব নিজের ফেসবুক অ্যাকাউন্টে পোস্ট করেন। পোস্ট টি দেখে উচ্ছ্বাস প্রকাশ করতে দেখা যায় ভাঙড়ের ফেসবুক ব্যবহারকারী ব্যক্তিদের মধ্যে। উল্লেখ্য তৃণমূল প্রার্থী শেখ রবিউল ইসলাম নিকটতম প্রতিদ্বন্দ্বী আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলাম কে পরাজিত করে রেকর্ড ভোটে জয়লাভ করেছেন। ১ লক্ষ ৩১ হাজার ৩৮৮ ভোটের বিশাল ব্যবধানে জয়ী হয়ে ভেঙেছেন তাঁর বাবা সদ্য প্রয়াত হাজি শেখ নুরুল ইসলামের জয়ের রেকর্ড ও। পিয়ারুল ইসলাম পেয়েছেন মাত্র সাড়ে ২৫ হাজারের কাছাকাছি বেশি ভোট। বিজেপি প্রার্থী বিমল দাস পেয়েছেন মাত্র ১৩ হাজারের কিছু বেশি ভোট।

# সেন্ট জেভিয়ার্স কলেজে সর্বধর্ম সেমিনার



**নুরুল ইসলাম খান ● কলকাতা**

**আপনজন:** শনিবার সেন্ট জেভিয়ার্স কলেজের রাঘবপুর ক্যাম্পাসে ধর্মশিক্ষা ও আদর্শ নিয়ে একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়। এদিনবৌদ্ধ ধর্মের শিক্ষা নিয়ে বলেন বৌদ্ধ ধর্ম বিশেষজ্ঞরা ডক্টর বন্দনা মুখার্জি, গোলপার্ক রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসিনী ডক্টর লিলি বিশ্বাস বলেন জরোস্থ্রুস্ট ধর্মাদর্শ নিয়ে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রাক্তন অধ্যাপিকা সুচিত্রা রায় আচার্য্য বলেন জৈন ধর্মের শিক্ষা নিয়ে, আর ইসলাম নিয়ে বলেন বিশিষ্ট সাংবাদিক তথা মৌলানা আজাদ ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিস এর প্রাক্তন সিনিয়র ফেলো ডক্টর রফিক আনোয়ার। কলকাতা সোসাইটি ফর এশিয়ান স্টাডিস ও ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টার এর সহযোগিতায় অনুষ্ঠানটির প্রধান উদ্যোক্তা ছিল সেন্ট জেভিয়ার্স কলেজ রাঘবপুর ক্যাম্পাস । গুরুত্বপূর্ণ এই সেমিনার অত্যান্ত গুরু গম্ভীর পরিবেশে আলোচনা হয় ।

সম্প্রতি সমগ্র দেশে যেভাবে জাতি বিদ্বেষী অলাত পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেখানে এই সম্প্রীতিমূলক সময়োপযোগী সেমিনারের আর দরকার আছে বলে মনে করেন আয়োজক সংস্থা। এদিনের সভায় বিভিন্ন ধর্মের প্রতিনিধিরা ধর্মের মূলকথা যেমন শান্তি , মানবসেবা ও সম্প্রীতির বানী গুলিকে বেশি করে জোর দিয়েছেন।বিশেষ করে মহান ভারতবর্ষের গনতান্ত্রিক ধর্ম নিরপেক্ষতা , বহুত্ববাদ ও সাংবিধানিক মৌলিক অধিকারের বিষয়ে সকলের আন্তরিকতা পোষনের কথাও উঠে এসেছে আলোচনায়। অসংখ্য ছাত্র ছাত্রীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। সভায় বিভিন্ন বিষয়ে প্রশ্ন ও উত্তর পর্বও চলে।

# রেল পরিষেবা উন্নতির দাবিতে ডেপুটেশন সিআইটিইউ-এর




**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** দৈনন্দিন রেল পরিষেবায় বাঁকুড়া রেল স্টেশনের ওপর দিয়ে যেসব ট্রেনগুলো যাতায়াত করতো তার অনেক কিছুই লকডাউনের সময় থেকে বন্ধ করে দেওয়া হয়েছে। এখন কেন্দ্রীয় সরকার রেল পরিবহণ ব্যবস্থাকে বেসরকারীকরণের চেষ্টা করছে। এই প্রসঙ্গ টেনে তেরো দফা দাবি নিয়ে আজ বাঁকুড়া স্টেশন চত্বরে ডেপুটেশন ও বিক্ষোভ কর্মসূচি করে "সি আই টি ইউ" বাঁকুড়া জেলা কমিটির সদস্যরা।

বিক্ষোভকারীদের দাবি,বাঁকুড়া-মশাগ্রাম লাইনের সাথে বর্ধমান-হাওড়া কর্ড লাইনের সংযোগের কাজ শেষ হলেই চালু করতে হবে পুরুলিয়া/বাঁকুড়া থেকে মশাগ্রাম হয়ে হাওড়া ইন্টার সিটি এক্সপ্রেস বা দৈনিক যাতায়াতের ট্রেন। যত খুশী লেট করে বা যখন তখন ট্রেন বাতিল করা বন্ধ করে টাইম টেবিল অনুসরণ করে প্রতিটি ট্রেন চালানোর দাবি জানানো হয়েছে। বাঁকুড়া স্টেশনের ২ নং প্ল্যাটফর্মের সামনে রেলট্র্যাকে রেল লাইন বসানোর কাজ দ্রুততার সাথে শেষ করতে হবে।

বন্ধ থাকা আন্ডার পাশের কাজ অবিলম্বে শুরু করে সম্পন্ন করা, রেল ফটকে উচ্ছেদ হওয়া গরীব বস্তীবাসীর পুনর্বাসনের ব্যবস্থা,প্ল্যাটফর্মের শৌচাগারগুলি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করে ব্যবহারের উপযোগী করে তোলা সহ ১৩ দফা দাবিতে বেশ কিছুক্ষণ বিক্ষোভ দেখায় "সি আই টি ইউ"। বিক্ষোভ শেষে "সি আই টি ইউ" বাঁকুড়া জেলা কমিটির সদস্যরা রেল যোগাযোগ ব্যবস্থাকে আরও উন্নত করার দাবীতে বাঁকুড়ার স্টেশন ম্যানেজারের মাধ্যমে জেনারেল ম্যানেজার, দক্ষিণ পূর্ব রেলওয়েকে ডেপুটেশনের স্মারকলিপি জমা দেন তারা। দাবি পুরো না হলে আরো বৃহত্তর আন্দোলনে যাবেন বলে জানান সি আই টি ইউ বাঁকুড়া জেলা কমিটির বিক্ষোভকারী সদস্যরা।

# প্রধান শিক্ষক সংগঠনের বার্ষিক সভায় দাবি পূরণে পদক্ষেপ মন্ত্রীর



**এম মেহেদী সানি ● বারাসত**

**আপনজন:** শিক্ষার মান উন্নয়ন, পেশাগত সংকট মোকাবিলা, বেতন বঞ্চনার অবসান, এবং প্রধান শিক্ষকদের সার্বিক সমস্যা সমাধানে ২০২০ সালে সারা রাজ্যের কেবলমাত্র প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের নিয়ে গড়ে উঠেছিল 'অ্যাডভান্স সোসাইটি ফর হেডমাস্টার এন্ড হেডমিস্ট্রেসেস' সংগঠন। আগামী ১৪ ও ১৫ ডিসেম্বর হাওড়া জেলায় রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। তার আগে প্রতিটি জেলায় জেলায় সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। রবিবার উত্তর ২৪ পরগনা জেলার মধ্যমগ্রাম হাই স্কুলে ওই সংগঠনের জেলা শাখার পঞ্চম বার্ষিকী সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজের খাদ্যমন্ত্রী রথীন ঘোষ, মধ্যমগ্রাম পৌরসভার চেয়ারম্যান নিমাই ঘোষ, সংগঠনের জিবি মেম্বার অনামি ঘোষ, জেলা সভাপতি অশোক কুমার সরকার, সম্পাদক মাহফুজ আহমেদ , সহ-সভাপতি মোঃ ইমতিয়াজউদ্দিন, ড. আশুতোষ ঘোষ, শাহনাজ আহমেদ, অমিও কান্তি বিশ্বাস, তাজরুল ইসলাম, মিলন কান্তি ঘোষ, অমিত সরকার, সুব্রত ঘোষ, সোনালী দত্ত, রত্না সুর প্রমুখ প্রধান শিক্ষক শিক্ষিকারা। মন্ত্রীর উপস্থিতিতে সংগঠনের কর্মকর্তারা প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের অভাব অভিযোগ অসুবিধার কথা তুলে ধরেন। সভায় বক্তব্য রাখার সময় খাদ্যমন্ত্রী রথীন ঘোষ প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের সমস্যা সমাধানের পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়ে বলেন 'আপনাদের দাবি শুনলাম, সেগুলো উদ্ধতর্ন কর্তৃপক্ষকে জানাবো।' অন্যদিকে আদর্শ শিক্ষার্থী গঠনে এবং সমাজ সংস্কারের ক্ষেত্রে প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের একাধিক পরামর্শ দেন। প্রধান শিক্ষকদের প্রশংসা করতে গিয়ে মন্ত্রী বলেন, 'আপনাদের ওটা পার্মানেন্ট পোস্ট, কিন্তু দল ক্ষমতায় না থাকলে আমার পদ না থাকলে কেউ সম্মান দেবে না'- এ কথা স্মরণ করিয়ে প্রধান শিক্ষকদের সম্মান মর্যাদা রক্ষার বিষয়ে যত্নবান হওয়ার আহ্বান জানান। ROPA-09 ও ROPA-19 এর প্রয়োজনীয় সংশোধন করে প্রধান শিক্ষক শিক্ষিকাদের উপযুক্ত পে স্কেলের দাবিতে সরব হন প্রধান শিক্ষক সংগঠনের কর্মকর্তারা। ট্যব কেলেঙ্কারির আবহে বাংলা শিক্ষা পোর্টাল, IOSMS পোর্টাল এবং NGIPF পোর্টালসহ সকল স্কলারশিপ পোর্টালগুলিকে সাইবার নিরাপত্তা সুরক্ষিত করার দাবিও ওঠে। যাবতীয় নির্বাচনী কাজ থেকে অব্যাহতি প্রদানের পাশাপাশি মিড ডে মিল সহ শিক্ষা বহির্ভূত সমস্ত কাজ থেকে অবিলম্বে প্রধান শিক্ষক শিক্ষিকাদের মুক্ত করতে ওই সভা থেকে লাগাতার সংগ্রাম চালানোরও হুশিয়ারি দেন প্রধান শিক্ষক শিক্ষিকা সংগঠনের নেতৃত্ব।

# নাবাবিয়ার ভর্তি পরীক্ষায় ছাত্রীদের ব্যাপক ভিড়





**নিজস্ব প্রতিবেদক ● খানাকুল**

**আপনজন:** হুগলির খানাকুলের নাবাবিয়া মিশনে তৃতীয় থেকে নবম শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হল রবিবার। পরীক্ষায় বসা ছাত্রদের তুলনায় ছাত্রীদের ভিড় ছিল চোখে পড়ার মতো। নাবাবিয়া মিশনের সাধারণ সম্পাদক শেখ শাহিদ আকবার জানান, বিগত বছরের সাফল্য আজকে এনে দিয়েছে তার ফল গার্জেনদের উৎসাহ ছিল ব্যাপক। সকলেই চাইছে তার ছেলে-মেয়েকে মিশনে ভর্তি করতে। সম্পাদক জানান, মিশনের আসন সংখ্যার তুলনায় অনেক বেশি অঅবেদন জমা পড়েছে। তাই চাহিদা মতো আসন দেওয়ার ব্যবস্থা করা মুশকিল হয়ে পড়বে। তিনি আরও জানান, ইতিপূর্বে আলহাজ্ব মোস্তাক হোসেনের জিডি চ্যারিটিবল সোসাইটির অধীনে জিডি মনিটরিং কমিটি দ্বারা পরিচালিত ও আইএএস নুরুল হক, ডব্লিউবিসিএস সৈয়দ নাসির উদ্দিনের তত্ত্বাবধানে হয়ে গেছে এমক্যাট টেস্ট। সেই পরীক্ষায়ছাত্রছাত্রীদের ভিড় ছিল চোখে পড়ার মতো। শাহিদ আকবার আরও জানান, প্রায় সমস্ত জেলার ছেলে মেয়ে এই মিশনে পড়াশোনা করে। বিশেষ করে জলপাইগুড়ি, উওর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, নদিয়া, মেদিনীপুর, বাঁকুড়া, হাওড়া, হুগলি এই সমস্ত জেলার ছাত্রছাত্রীর সংখ্যা অনেক বেশি। মিশনে থেকে বহু ছাত্র-ছাত্রী প্রতিষ্ঠিত হয়েছে।

# তৃণমূলের কার্যকরী কমিটির সভায় ডাক পেলেন অনুব্রত



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** তৃণমূলের কার্যকারী সমিতির বৈঠকে ডাক পেয়েছেন অনুব্রত মণ্ডল। প্রায় আড়াই বছর পর দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখোমুখি হতে চলেছেন অনুব্রত মণ্ডল। কারণ দলে গুরুত্বপূর্ণ বৈঠক ডেকেছেন কালীঘাটে মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠকে যোগ দেবেন বলে জানা যাচ্ছে অনুব্রত মণ্ডল । তাই আগামীকাল মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখোমুখি হতে পারেন। জাতীয় কর্ম সমিতির বৈঠকে ডাক পেয়েছেন প্রায় ২২ জন নেতা তাদের মধ্যে রয়েছেন বীরভূমের তৃণমূল কংগ্রেসের সভাপতি অণুব্রত মন্ডল। ইতিমধ্যে অনুব্রত মণ্ডলের কাছে বৈঠকে যোগদান দেওয়ার জন্য চিঠি এসেছে বলে জানা যাচ্ছে। এই বৈঠক খুবই গুরুত্বপূর্ণ কারণ ২০২৬ এ বিধানসভা নির্বাচন হিসাব মত সময় প্রায় এক বছর তাই দলকে চাঙ্গা করতে এই বৈঠক খুবই গুরুত্বপূর্ণ। উল্লেখ্য দলনেত্রী এই বৈঠক কি সিদ্ধান্ত নেন সেদিকে সবার নজর।

# জলসা শুনে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় মৃত দুই বন্ধু



**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** জলসা শুনে বাড়ি ফেরার সময় পথ দুর্ঘটনায় মৃত হল দুই বন্ধুর। শনিবার রাত এগারোটা নাগাদ দুর্ঘটনাটি ঘটে মালদহের চাঁচল সামসি বাইপাস সড়কের কৃষ্ণগঞ্জ এলাকায়। ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয়। পুলিস ও পরিবার সূত্রে জানা গিয়েছে,মৃতরা হল সানু আলি(১৯) ও সাজিদ আলি(২১)। সানু চাঁচল থানার মতিহারপুর গ্রাম পঞ্চায়েতের বসন্তপুর রাজাটোলায় ও সাজিদের বাড়ি লাগায়ো ডমাপীর গ্রামে।দুই কিশোরের মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে এলাকায়।রবিবার সকালে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে দেহগুলি ময়নাতদন্তের জন্য মালদহ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।পরিবারের কথায় কোনো এক পণ্য যানবাহনের ধাক্কায় মৃত্যু হয়েছে তাদের।চাঁচল থানার পুলিস ঘটনার তদন্ত শুরু করেছে। পরিবার সূত্রে জানা গিয়েছে শ্রীপুর থেকে জালসা শুনে বাড়ি ফিরছিল এরা।এদিকে চলতি মাসে ওই বাইপাস সড়কে দুর্ঘটনায় চাঁচল থানার এপর্যন্ত তিনজনের মৃত্যু হল।একজন সিভিক ভলান্টিয়ার রানু খাতুনেরও মৃত্যু হয়। জখম হয় প্রায় ৮ জন।বার বার দুর্ঘটনা ঘটায় পথ নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে এলাকায়।

## ছড়িয়ে-ছিটিয়ে

# বিয়েতে রাজি না হওয়ায় তুলে নিয়ে গেল পাত্রীকে!



**আসিফা লস্কর ● কুলপি**

**আপনজন:** তরুণীকে জোর করে তুলে নিয়ে যাওয়ার চেষ্টার অভিযোগে তিন জনকে গ্রেফতার করল পুলিশ। পুলিশ সূত্রে খবর, ধৃত যুবক রজনী মণ্ডল বিয়ে করার জন্য তুলে নিয়ে যেতে এসেছিল ওই তরুণীকে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, কুলতলির সিকিরহাটের বাসিন্দা রজনীর সঙ্গে কিছুদিন আগে গোপালগঞ্জ গ্রাম পঞ্চায়েতের এক তরুণীর বিয়ের কথাবার্তা শুরু হয়। পাত্রপক্ষের পাত্রী পছন্দ হলেও পাত্রীর বাড়ির লোকজনের রজনীকে পছন্দ হয়নি। সেই কারণে বিয়ের প্রস্তাব ফিরিয়ে দেন পাত্রী পক্ষ। অভিযোগ, তার পরেও মেয়েটিকে বিয়ের প্রস্তাব দিতে থাকে রজনী।

রাজি না হলে আত্মহত্যার হুমকি দিয়েছে বলেও অভিযোগ। তাতেও কাজ না হওয়ায় শনিবার কয়েকজনকে সঙ্গে নিয়ে তরুণীকে বাড়ি থেকে তুলে নিয়ে যেতে আসে রজনী।

জোর করে তুলে আনতে গেলে প্রতিবেশীরা ঘটনা স্থলে এসে রজনী-সহ বাকিদের আটকে রেখে পুলিশকে খবর দেন। পুলিশ এসে তিন জনকে গ্রেফতার করে।

# ভাইয়ের হাতে ভাইয়ের মৃত্যু বীজতলা বিবাদে



**সাবের আলি ● খড়গ্রাম**

**আপনজন:** পৈতৃক জমিতে ধানের বীজতলা করা নিয়ে দুই ভাইয়ের পরিবারের মধ্যে সংঘর্ষ। আর তার জেরে মৃত্যু হল এক ভাইয়ের। শনিবার সন্ধ্যার ওই ঘটনা খড়গ্রাম থানার বিশ্বনাথপুর গ্রামের। পুলিস জানিয়েছে, মৃতের নাম জহিরুদ্দিন শেখ (৫৪)। তিনি বিশ্বনাথপুরের বাসিন্দা ছিলেন। পুলিস দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। মৃত্যুর ঘটনা খতিয়ে দেখছে খড়গ্রাম থানার পুলিস। তবে এদিন রাত পর্যন্ত পুলিস কাউকে গ্রেপ্তার করতে পারেনি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, একটি পৈতৃক জমি নিয়ে দির্ঘদিন ধরে বিবাদ চলছে গ্রামের জহিরউদ্দিন শেখ ও তাঁর ভাই নুর ইসলামের মধ্যে। এদিন বিকেলে ওই বির্তকিত জমিতে ধানের বীজতলা করার জন্য গিয়েছিলেন জহিরউদ্দিন। সেই খবর নুর ইসলামের পরিবারের কানে আসতেই মাঠে গিয়ে বাধা দেওয়া হয়। মাঠের মধ্যেই জহিরউদ্দিন ও তার ভাই নুর ইসলাম ও নুর ইসলামের ছেলে মিঠু শেখের মধ্যে বচসা বাধে।

পরে গ্রামের ভিতরেও দুই ভাইয়ের পরিবারের মধ্যে ফের বচসা তৈরি হয়। অভিযোগ, সেইসময় জহিরউদ্দিনের মাথায় বাঁশের আঘাত করা হলে মারাত্বকভাবে তিনি জখম হন। পরে তাঁকে রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান হলে রাস্তাতেই মৃত্যু হয়।

এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। পরে সেখানে খড়গ্রাম থানার পুলিস পৌঁছলে পরিস্থিতি নিয়ন্ত্রনে আসে। স্থানীয় পদমকান্দি পঞ্চায়েত প্রধান সাবিনা ইয়াসমিন জানান, জমি সংক্রান্ত বিবাদের জেরেই সংঘর্ষ বাধে। তবে গ্রামে পুলিস রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

# ওয়াকফ বিলের বিরুদ্ধে জমিয়তের সভা উস্থিতে



**বাইজিদ মণ্ডল ● ডায়মন্ড**

**আপনজন:** কেন্দ্র সরকারের ওয়াকফ সংশোধনী বিলের বিরুদ্ধে পশ্চিম বঙ্গ রাজ্য জমিয়ত উলামায়ে হিন্দের ডাকে আগামী ২৮ শে নভেম্বর বৃহস্পতিবার ধর্মতলায় এক প্রতিবাদ সভার আয়োজন করা হবে। উক্ত প্রতিবাদ সভা সাফল্য করার লক্ষ্যে মগরাহাট ১ নম্বর ব্লক (উস্থি) জমিয়ত উলামায়ে হিন্দের ব্যবস্থাপনায় উস্থি থানার অন্তর্গত হটু গঞ্জ বাসষ্ট্যান্ডে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়।দক্ষিণ ২৪ পরগনা জেলা জমিয়ত উলামায়ে হিন্দের সম্পাদক মাওলানা ইব্রাহিম, মগরাহাট পশ্চিম ব্লকের জমিয়ত উলামায়ে হিন্দের সম্পাদক মাস্টার মনিরুল হক, মগরাহাট পশ্চিম ব্লক জমিয়ত উলামায়ে হিন্দের সভাপতি জাহাঙ্গীর, উস্থি কাজীপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা আব্দুল খালিদ,একতারা অঞ্চল জমিয়ত উলামায়ে হিন্দের নেতৃত্ব হাফেজ আবদুল্লাহ,এছাড়াও উপস্তিত ছিলেন রহমাতুল্লাহ মোল্লা উস্থি, মাওলানা সাহাবুদ্দিন ডায়মন্ড হারবার, মাওলানা রহমাতুল্লাহ, এনাম সাহেব, হেদায় তুল্লাহ, আব্দুল্লাহ মোল্লা সহ আরও অন্যান্য বিশিষ্ঠ সমাজ কর্মী প্রমুখ। মগরাহাট পশ্চিম ব্লক জমিয়ত উলামায়ে হিন্দের সম্পাদক মাস্টার মনিরুল হক তিনি বলেন সমগ্র বিশ্বের সকল দেশের তুলনায় আমাদের মাতৃভূমি ভারতবর্ষে সবচেয়ে বেশি ওয়াকফ সম্পত্তি বিরাজমান। আর এই ওয়াকফ সম্পত্তির মধ্যে রয়েছে যেমন মাদ্রসা, মসজিদ,কবরস্থান সহ আরও অনেক কিছু যেটা আমাদের পূর্ব পুরুষ ওয়াফফ করে গিয়েছেন। কেন্দ্রীয় সরকারের এই ওয়াকফ বিলের বিরুদ্ধে রক্ত দিয়েও প্রতিরোধ করব।

# প্রেমিকাকে খুন করে মাটিতে পুঁতে দেওয়ার অভিযোগ প্রেমিকের বিরুদ্ধে



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** সীমান্তবর্তী ভীমপুর থানার নারায়ণপুরে খুন করে পুঁতে দেওয়ার অভিযোগ উঠল প্রেমিকের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে খবর, গত ২১ নভেম্বর থেকে নিখোঁজ ছিল নাবালিকা। হন্যে হয়ে খুঁজেও কোনও হদিশ না পেয়ে পুলিশের দ্বারস্থ হন নাবালিকার দাদু।তদন্তে জানা যায়, নারায়াণপুরেরই এক যুবক,ফারুক মণ্ডলের সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল নাবালিকার। গ্রামবাসীদের কাছে খোঁজখবর নিয়ে জানা যায়,প্রায়শই দু'জনকে এলাকায় একসঙ্গে দেখা গিয়েছে।এরপরেই ফারুককে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ।নাবালিকাকে শ্বাসরোধ করে খুন করেছে সে। তারপর দেহ লোপাটের জন্য, নারায়ণপুর গ্রামেই একটি ফাঁকা জায়গায় মাটি চাপা দেয়। এরপর ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। কঠোর পাহারার ব্যবস্থা করা হয়।রবিবার ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে দেহ উদ্ধারের ব্যবস্থা করা হয়। পুলিশ জানিয়েছে, দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।মৃত তরুণীর পরিবারের দাবি,অন্তঃসত্ত্বা। তখন তাকে গর্ভপাত করানোর জন্য চাপ দেন প্রেমিক। কিন্তু অনাগত সন্তান নষ্ট করতে রাজি হয়নি ১৭ বছরের নাবালিকা। এ নিয়ে দু'জনের মধ্যে মন কষাকষি চলছিল। গোটা ঘটনা তদন্ত করছে ভীমপুর থানার পুলিশ।

প্রথম নজর

# পৃথিবীর ইতিহাসে সর্বোচ্চ সম্পদ ইলন মাস্কের!




**আপনজন ডেস্ক:** মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের জয়ের পর বিশ্বের শীর্ষ ধনী ইলন মাস্কের অর্থ-সম্পদ আরো ফুলেফেঁপে উঠেছে। মার্কিন সাময়িকী ফোর্বস জানিয়েছে, মাস্কই এখন ইতিহাসের সর্বকালের সেরা ধনী। সাময়িকীটির ভাষ্য মতে, এর আগে কেউই মাস্কের মতো সম্পদের মালিক হতে পারেননি। সংবাদমাধ্যম সিএনএন জানিয়েছে, মাস্কের সম্পদ আসলে ৩৪ হাজার ৭৮০ কোটি ডলারের বেশি। বাংলাদেশি টাকায় যা ৪১ লাখ ৩৮ হাজার কোটি টাকার সমান (প্রতি ডলার ১১৯ টাকা ধরে)। গত ৫ নভেম্বরের ভোটে ট্রাম্পের জয়ের পর মাস্কের মোট সম্পদে আরো ৭ হাজার কোটি মার্কিন ডলার যুক্ত হয়েছে। গত শুক্রবার প্রকাশ করা ব্লুমবার্গের বিলিয়নিয়ার তালিকা অনুযায়ী, তিনি এখন বিশ্বের শীর্ষ ধনী। তার সম্পদের পরিমাণ ৩৪ হাজার কোটি মার্কিন ডলার ছাড়িয়ে গেছে। ফোর্বসের প্রতিবেদনে বলা হয়, গত কয়েক সপ্তাহে এক্সএআইয়ের বাজারমূল্য বেড়ে ৫০ বিলিয়নে পেঁছে গেছে। এই কোম্পানিতে মাস্কের ৬০ শতাংশ শেয়ার রয়েছে। স্পেস-এক্সও লাভজনক জায়গায় রয়েছে। তাতে মাস্কের শেয়ার ৪২ শতাংশ। এই কোম্পানির বাজারমূল্য ২১০ বিলিয়ন ডলার। আর টেসলায় ১৩ শতাংশ শেয়ার রয়েছে মাস্কের। এছাড়া টেসলার শেয়ার গত নির্বাচনের পর থেকে ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। টেসলার শেয়ারের ব্যাপক বৃদ্ধি এবং অন্যান্য ব্যবসায়িক সাফল্যের ফলে এই ঐতিহাসিক অর্থনৈতিক মাইলফলক অর্জিত হয়েছে। এতদিন সর্বকালের সেরা ধনীর তকমা দেওয়া হতো ১৪ শতকে পশ্চিম আফ্রিকার দেশ মালির শাসক মানসা মুসাকে। কথিত আছে, মালির এই শাসক এতটাই সম্পদশালী ছিলেন যে তার সম্পদের পরিমাণ ধারণাও করতে পারেনি ইতিহাসবিদরা। মানি ডটকমের এক প্রতিবেদনে বলা হয়েছে, কারও পক্ষে যতটা বর্ণনা করা সম্ভব মানসা মুসা এর চেয়েও ধনী ছিলেন। ক্ষমতায় বসার আগে মালির শাসক ছিলেন তার ভাই মানসা আবু-বকর। ১৩১২ সালে আবু-বকর সিংহাসন ত্যাগ করে একটি অভিযানে বের হন। উত্তরাধিকার সূত্রে মালির শাসনভার গ্রহণ করেন মানসা মুসা। তার শাসনামলে মালি রাজত্বের বিস্তার ঘটতে থাকে। মানসা মুসা তার রাজত্বে আরও ২৪টি শহর যুক্ত করেন।

# নারী নির্যাতনের বিরুদ্ধে ফ্রান্সজুড়ে বিক্ষোভ



**আপনজন ডেস্ক:** নারী নির্যাতনের বিরুদ্ধে ফ্রান্সের বিভিন্ন শহরে হাজারো মানুষ রাজপথে নেমে এসেছে। শনিবারের এই বিক্ষোভ আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবসের দুই দিন আগে অনুষ্ঠিত হলো।
খবর অনুসারে, রাজধানী প্যারিসে নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এবং তাদের প্রজনন অধিকার রক্ষায় মানুষদের হাতে ছিল বেগুনি রঙের প্ল্যাকার্ড। অংশগ্রহণকারীরা নারীর অধিকারের সম্ভাব্য ক্ষতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন, বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্রে। ট্রাম্প প্রশাসন পুনরায় ক্ষমতায় আসার প্রেক্ষাপটে নারীর অধিকার সঙ্কুচিত হতে পারে বলে তারা শঙ্কা প্রকাশ করেন।
ফরাসি সংবাদপত্র ল্য মঁদ জানিয়েছে, প্যারিসে প্রায় ৮০ হাজার মানুষ বিক্ষোভে অংশ নেয়। পাশাপাশি, লিয়নের নিকটবর্তী রেনে শহরসহ ফ্রান্সের অন্যান্য ছোট শহরগুলোতেও হাজারো মানুষ বিক্ষোভ করে।
২০২৪ সালের মার্চে ফ্রান্স গর্ভপাতের অধিকারকে সংবিধানে অন্তর্ভুক্ত করে। এটি মার্কিন যুক্তরাষ্ট্রে ২০২২ সালে গর্ভপাত সংক্রান্ত জাতীয় সুরক্ষা প্রত্যাহারের প্রতিক্রিয়ায় করা হয়। ফ্রান্স ১৯৭৫ সাল থেকে গর্ভপাতকে বৈধ ঘোষণা করলেও সংবিধানে অন্তর্ভুক্তির মাধ্যমে এই অধিকার সুরক্ষার নতুন মাত্রা যোগ করেছে। ফ্রান্স বিশ্বের প্রথম দেশ হিসেবে গর্ভপাতের অধিকার সংবিধানে সুরক্ষিত করে। এ বিক্ষোভ ফ্রান্সের সমাজে নারী নির্যাতনের বিরুদ্ধে এবং নারীর অধিকারের পক্ষে জনগণের দৃঢ় অবস্থান তুলে ধরেছে। এটি আন্তর্জাতিক অঙ্গনে নারীর অধিকারের প্রসারে একটি শক্তিশালী বার্তা।

# রাশিয়ায় শিক্ষার্থীদের ‘নির্মমভাবে’ গ্রেফতারের বিরুদ্ধে ইরানের প্রতিবাদ




**আপনজন ডেস্ক:** রাশিয়ার কাজান ফেডারেল ইউনিভার্সিটিতে ভিসার মেয়াদ বাড়ানোর কেন্দ্রে গেলে পুলিশ দুই ইরানি শিক্ষার্থীকে ‘অমানুষিক ও অন্যায়ভাবে প্রহার’ করে গ্রেফতার করেছে বলে আইআরএনএ বার্তাসংস্থা জানিয়েছে। শুক্রবার এ ঘটনা ঘটে বলে কাজান শহরে ইরানের কনসুলেট দফতরের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে বার্তাসংস্থাটি।
আইআরএনএ জানিয়েছে, এই ঘটনার জবাবে ইরান রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রনালয়ের কাছে একটি প্রতিবাদমূলক নোট পাঠিয়েছে, যেন ইরানি শিক্ষার্থীদের ওপর পুলিশের এই সহিংস আচরণের নিন্দা জানানো হয়।
রাশিয়ার এই ঘনিষ্ঠ মিত্র ইরান এই ঘটনার ব্যাখ্যা দেয়ার অনুরোধ জানিয়েছে।
কনস্যুলেটের হস্তক্ষেপের পরে এই দু’জন শিক্ষার্থীকে শুক্রবার দিনের শেষে মুক্তি দেয়া হয়। টেলিগ্রামের মাধ্যমে কাজান পুলিশের সংবাদ বিভাগ জানায়, শিক্ষার্থীদের মধ্যে সংঘাত যখন শারিরীক সংঘর্ষের রূপ নেয় তখন পুলিশ ‘উস্কানিদাতাদের’ আটক করে। ওই বিবৃতিতে গ্রেফতারদের নাগরিকত্ব সম্পর্কে কিছু জানানো হয়নি। কাজানের আঞ্চলিক তদন্ত কমিটিও শুক্রবার জানায়, কর্তৃপক্ষের এক প্রতিনিধির বিরুদ্ধে সহিংস হয়ে ওঠার অভিযোগে দু’জন বিদেশী নাগরিককে গ্রেফতার করা হয়।
মস্কোতে তেহরানের রাষ্ট্রদূত কাজেম জালালি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে একটি পোস্টে উল্লেখ করেন, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এই ঘটনার প্রতি নজর রাখছিলেন। শুক্রবার আরেকটি পোস্টে জালালি ইরানি শিক্ষার্থীদের প্রতি যেকোনো ধরনের অসদাচারণের নিন্দা করেন এবং দায়ী রুশ কর্তৃপক্ষের জবাবদিহিতার আহ্বান জানান।

ছড়িয়ে-ছিটিয়ে

# জলবায়ু চ্যালেঞ্জ মোকাবেলায় ৩০০ বিলিয়ন ডলার পাবে দরিদ্র দেশগুলো




**আপনজন ডেস্ক:** আজারবাইজানের রাজধানী বাকুতে এবারের কপ-২৯ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। জাতিসংঘের এ জলবায়ু সম্মেলনে উন্নয়নশীল দেশগুলোকে তিনশ বিলিয়ন ডলার দেয়ার অঙ্গীকার করেছে ধনী দেশগুলো। জলবায়ু চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতি ও প্রতিরোধে সহায়তার জন্য এ সহায়তা দেয়া হবে। যদিও আজারবাইজানে অনুষ্ঠিত এই কপ-২৯ সম্মেলন সমঝোতার জন্য অতিরিক্ত তেত্রিশ ঘণ্টা সময় লেগেছে। শেষে লম্বা আলোচনার পর দেশগুলো এ বিষয়ে একমত হয়েছে।
আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত জাতিসংঘের জলবায়ু বিষয়ক সম্মেলন কপ-২৯’র শেষদিন ছিল গত শুক্রবার। শেষদিনে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ বড় অর্থনীতির দেশগুলো জলবায়ু সংকট নিরসনে উন্নয়নশীল দেশগুলোকে ২৫০ বিলিয়ন ডলার সহায়তা দেওয়ার প্রস্তাব রাখে। সম্মেলনে থাকা ছোট অর্থনীতির দেশগুলো সঙ্গে সঙ্গেই এই প্রস্তাবের তীব্র সমালোচনা করেন। জলবায়ু সংকট নিয়ে কাজ করা সংগঠনগুলো এই অঙ্ককে ‘তামাশা’, ‘লজ্জাজনক’, ‘আপত্তিকর’ বলে মন্তব্য করে। পানামার প্রতিনিধি হুয়ান কার্লোস মন্টেরি গোমেজ গার্ডিয়ানকে বলেন, ‘এটা কোনোভাবেই যথেষ্ট না। আমাদের বছরে অন্তত পাঁচ ট্রিলিয়ন ডলার প্রয়োজন ছিল। কিন্তু আমরা চেয়েছি এক দশমিক তিন ট্রিলিয়ন ডলার, যা বৈশ্বিক জিডিপির মাত্র এক শতাংশ।’ উন্নয়নশীল ও স্বল্প উন্নত দেশগুলোর সমালোচনার মুখে সাহায্যের পরিমাণ নিয়ে আজ শনিবারও আলোচনায় বসা হয়। সেখানে ৩০০ বিলিয়ন ডলারের সাহায্য দিতে সম্মত হয় বড় অর্থনীতির দেশগুলো। জাতিসংঘ জলবায়ু সংস্থার প্রধান সাইমন স্টেইল বলেছেন ‘এটা ছিল কঠিন যাত্রা কিন্তু আমরা চুক্তিটি করতে পেরেছি’। যদিও জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসার জন্য দেশসমূহের প্রতি যে আহবান গত বছর করা হয়েছিলো সে বিষয়ে কোন চুক্তি এবারের সম্মেলনে করা যায়নি। শনিবার উন্নয়ন দেশগুলো, বিশেষত জলবায়ু ঝুঁকিতে থাকা দেশগুলো নাটকীয়ভাবে আলোচনা থেকে বেরিয়ে এসেছিলো। ছোট ছোট দ্বীপ রাজ্যগুলোর যে জোট তার প্রধান সেডিরক সুসটার বলেছিলেন, ‘আমি এটা বাড়িয়ে বলছি না যে আমাদের দ্বীপগুলো ডুবে যাচ্ছে। একটা দুর্বল চুক্তি নিয়ে আমরা আমাদের নারী, পুরুষ ও শিশুদের কাছে ফেরত যাবো এটা আপনারা প্রত্যাশা করেন কী করে।’

# ক্যালিফোর্নিয়ার বিশ্ববিদ্যালয়গুলোতে মুসলিম শিক্ষার্থীদের প্রতি বৈষম্য



**আপনজন ডেস্ক:** ক্যালিফোর্নিয়ার ৮৭টি বিশ্ববিদ্যালয় ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের ৪৯ শতাংশ মুসলিম শিক্ষার্থী হয়রানি ও বৈষম্যের শিকার। ক্যালিফোর্নিয়ার কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশনস (সিএআইআর) ‘দ্য স্টেট অব ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটিজ ইন ২০২৪’ শীর্ষক এক প্রতিবেদনে এমনটাই বলছে।
অনুসরণ করুন
শাবেস্তান নিউজ এজেন্সির বরাত দিয়ে পার্স টুডে জানিয়েছে, প্রতিবেদনে রাজ্যের বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে ইসলামফোবিক ঘটনা নিয়ে আলোচনা করা হয়েছে।
প্রতিবেদনে দেখা গেছে, ৩৭ শতাংশ মুসলিম শিক্ষার্থী ধর্মীয় পরিচয়ের কারণে শিক্ষাকর্মীদের দ্বারা বৈষম্যের শিকার হওয়ার কথা জানিয়েছেন।
বৈষম্যের শিকার হওয়া ৪৭ শতাংশ শিক্ষার্থী বলেছে, তারা বিশ্ববিদ্যালয় পরিচালনা কর্তৃপক্ষের কাছে তাদের উদ্বেগ প্রকাশ করতে অনিচ্ছুক। ৩৬ শতাংশ বলেছে, তারা ক্যাম্পাসে স্বাধীনভাবে তাদের রাজনৈতিক মতামত প্রকাশ করতে পারে না।
ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানিয়ে ব্যাপক বিক্ষোভের পর যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিয়েছে। গত এপ্রিলের মাঝামাঝি সময়ে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে ফিলিস্তিনিদের প্রতি সংহতি শুরু হয় এবং বিশ্বের অনেক বিশ্ববিদ্যালয়ে ছড়িয়ে পড়ে। মার্কিন পুলিশ এই সময়ের মধ্যে অনেক শিক্ষার্থীকে গ্রেপ্তার করে। তাদের দমন করতে বল প্রয়োগ করে। তারা কিছু মুসলিম শিক্ষার্থীকে তাদের হিজাব খুলতেও বাধ্য করে।
গাজায় ইসরায়েলি ধ্বংসযজ্ঞের বিরুদ্ধে শিক্ষার্থী ও শিক্ষকদের প্রতিবাদ করায় হার্ভার্ড, পেনসিলভানিয়া ও এমআইটি নামের তিনটি বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্টকে নিয়েও প্রশ্ন করেন মার্কিন কংগ্রেসের প্রতিনিধিরা। গাজার প্রতি সমর্থন প্রদর্শনের জন্য আমেরিকার কয়েকটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের কর্মকাণ্ডেরও নিন্দা জানিয়ে কংগ্রেসে একটি প্রস্তাব পাস হয়।

# নেতানিয়াহুর বিরুদ্ধে আইসিসির পদক্ষেপকে স্বাগত জানালেন এরদোগান



**আপনজন ডেস্ক:** তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) কর্তৃক ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গালান্টের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারিকে সমর্থন জানিয়েছেন।
ইস্তাম্বুলে এক সিভিল সোসাইটি অনুষ্ঠানে এরদোগান বলেন, গণতন্ত্র ও মানবাধিকারের কথা বলা দেশগুলো ইসরায়েলের হত্যাকাণ্ড এবং গণহত্যা থামানোর পরিবর্তে তাদের প্রতি সমর্থন দিয়ে নির্যাতন আরও উসকে দিচ্ছে।
এরদোগান আরও বলেন, ফিলিস্তিনে যারা শহীদ ও আহত হয়েছেন, তাদের রক্ত শুধু হত্যাকারীদের হাতেই নয়, বরং তাদের ওপরও লেগেছে যারা এই অপরাধ থামানোর উদ্যোগ নেয়নি। তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে অভিযুক্ত করে বলেন, ফিলিস্তিন, লেবানন এবং অন্যান্য অনেক অঞ্চলে মানবতাবিরোধী অপরাধকে আন্তর্জাতিক সমাজ এবং গণমাধ্যম ইচ্ছাকৃতভাবে উপেক্ষা করছে।
এরদোগান বলেন, বিশ্বের অনেক দেশ তাদের মানবাধিকার ও গণতন্ত্রের নীতির সঙ্গে দ্বিমুখী আচরণ করছে। ইসরায়েলের প্রতি সমর্থনের মাধ্যমে তারা নির্যাতন ও হত্যাকাণ্ডের সহযোগী হয়ে উঠেছে।
তুরস্কের প্রেসিডেন্টের বক্তব্য বিশ্বব্যাপী ইসরায়েলের নীতির বিরুদ্ধে ন্যায়বিচারের দাবি জোরালো করার ক্ষেত্রে এক নতুন মাত্রা যোগ করেছে।

# ১৮০০ বছর পর তুরস্কে ফের প্রবাহিত হল রোমান সম্রাটের ‘ফোয়ারা’



**আপনজন ডেস্ক:** তুরস্কের ঐতিহাসিক অঞ্চল আনাতোলিয়ার কাছে রোমান সম্রাট হাদ্রিয়ানের অধীনে নির্মিত প্রাচীন ‘কেস্ট্রোস ফোয়ারা’ পুনরুদ্ধার করা হয়েছে। দ্বিতীয় শতাব্দীতে নির্মিত ফোয়ারাটি ১৮০০ বছর পর আবার প্রবাহিত হলো।
আনাতোলিয়ার নিকটবর্তী প্রাচীন শহর পার্জে অবস্থিত ফোয়ারাটি পুনরুদ্ধারে দুই বছর আগে কাজ শুরু হয়। এখন এটির ঝর্ণা থেকে আবার পানি প্রবাহিত হচ্ছে। মূলত কেস্ট্রোস নদী (আধুনিক নাম আকসু) থেকে জটিল খাল ব্যবস্থার মাধ্যমে ফোয়ারাটি নির্মাণ করা হয়েছিল।
খননকাজের উপ-প্রধান আইটাক ডনমেজ বলেন, ঝর্ণার পানি ২২৯৭ ফুট দীর্ঘ চ্যানেলের মধ্য দিয়ে একটি বিলাসবহুল পুলে প্রবাহিত হয়। ব্যাপক পুনর্গঠন ও সংরক্ষণের পরিকল্পনাসহ কেবল প্রথম ১০০ মিটার পুনরুদ্ধার করা হয়েছে।
‘নদী দেবতা’ কেস্ট্রোস-এর প্রতিনিধিত্বকারী একটি হেলান দেওয়া চিত্র দিয়ে সজ্জিত ঝর্ণাটি ওই অঞ্চলের সাংস্কৃতিক তাত্পর্যকে আরও বাড়িয়ে তুলবে বলে আশা করা হচ্ছে।
অতীতে আনাতোলিয়া অঞ্চলটি অন্যতম সংগঠিত রোমান শহর হিসাবে পরিচিত ছিল। মার্বেল ভাস্কর্যগুলোর জন্য বিখ্যাত শহর ‘পার্জ’ একসময় ওই অঞ্চলের রাজধানী ছিল।
১৯৪৬ সাল থেকে বিভিন্ন সাইটে খনন চলছে। সেখানে প্রাচীন টাওয়ার, থিয়েটার, স্টেডিয়াম, গোসলের জায়গা এবং নান্দনিক রাস্তাগুলোসহ বহু স্মৃতিস্তম্ভর কাঠামো আবিষ্কৃত হয়েছে। প্রাচীন শহরটি ২০09 সাল থেকে ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যের অস্থায়ী তালিকাভুক্ত রয়েছে।


# নেপালে কুরআন প্রতিযোগিতার আয়োজন করবে সৌদি আরব



**আপনজন ডেস্ক:** দ্বিতীয়বারের মতো নেপালের রাজধানী কাঠমান্ডুতে পবিত্র কুরআন (মুখস্থ) প্রতিযোগিতার আয়োজন করছে সৌদি আরব।
সৌদি প্রেস এজেন্সি জানিয়েছে, আগামী ২১-২২ ডিসেম্বর কাঠমান্ডুতে পবিত্র কুরআন মুখস্থ প্রতিযোগিতার আয়োজন করেছে ইসলাম বিষয়ক মন্ত্রণালয়ের দাওয়াহ ও গাইডেন্স মন্ত্রণালয়। নেপালের বিভিন্ন রাজ্য ও গভর্নরেট থেকে চার শতাধিক প্রতিযোগী প্রাথমিক বাছাইপর্বে অংশ নেবেন। আরব নিউজের এক প্রতিবেদন বলছে, প্রতিযোগিতাটি বিশ্বজুড়ে তরুণ মুসলমানদের মধ্যে কুরআনের শিক্ষা ছড়িয়ে দেওয়ার সৌদি আরবের প্রচেষ্টার অংশ। সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কার প্রদান করা হবে। নেপালজুড়ে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মকর্তারাও উপস্থিত থাকবেন।

## সেহেরী ও ইফতারের সময়

**সেহেরী শেষ:** ভোর ৪.৩০মি.
**ইফতার:** সন্ধ্যা ৪.৫৫মি.



## নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৩০ | ৫.৫৬ |
| যোহর | ১১.২৮ | |
| আসর | ৩.১৫ | |
| মাগরিব | ৪.৫৬ | |
| এশা | ৬.১০ | |
| তাহাজ্জুদ | ১০.৪৩ | |

# ইসরায়েলের নৌ ঘাঁটিতে ড্রোন হামলা



**আপনজন ডেস্ক:** দখলদার ইসরায়েলের দক্ষিণাঞ্চলে অবস্থিত আশদোদ নৌ ঘাঁটিতে প্রথমবারের মতো ড্রোন হামলা চালানোর দাবি করেছে লেবানন-ভিত্তিক সশস্ত্র প্রতিরোধ গোষ্ঠী হিজবুল্লাহ। এছাড়া তেল আবিবের কাছাকাছি একটি এলাকায় রকেট হামলারও খবর পাওয়া গেছে। রোববার (২৪ নভেম্বর) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আল-জাজিরা। হিজবুল্লাহ এক বিবৃতিতে বলেছে, তারা তেল আবিবের একটি ‘সামরিক লক্ষ্যবস্তু’-এর বিরুদ্ধে ‘উন্নত একাধিক ক্ষেপণাস্ত্র এবং ড্রোন’ ব্যবহার করে একটি অভিযান চালিয়েছে।

# জর্ডানে ইসরায়েলি দূতাবাসের কাছে গুলি, তিন পুলিশ আহত




**আপনজন ডেস্ক:** জর্ডানের রাজধানী আম্মানে অবস্থিত ইসরায়েলি দূতাবাসের কাছে বন্দুক হামলার ঘটনা ঘটেছে। এ সময় এক বন্দুকধারী নিহত ও তিন পুলিশ সদস্য আহত হয়েছেন। স্থানীয় সময় রোববার একটি নিরাপত্তা সূত্র ও রাষ্ট্রীয় গণমাধ্যম এ তথ্য জানিয়েছে।
পুলিশ জানিয়েছে, আম্মানের রাবিয়ায় পুলিশের একটি টহল দলকে লক্ষ্য করে গুলি ছোড়ে এক বন্দুকধারী। এতে তিন পুলিশ সদস্য আহত হয়। সে সময় পুলিশের গুলিতে ওই হামলাকারী নিহত হন। এই হামলার বিষয়ে তদন্ত চলছে।
গুলির শব্দ শোনার পর পরই জর্ডানের পুলিশ দূতাবাসের কাছাকাছি এলাকা ঘিরে ফেলে। দুই প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, গোলাগুলির পর পরই ঘটনাস্থলে ছুটে গেছে পুলিশ এবং অ্যাম্বুলেন্স। যে এলাকায় হামলা চালানো হয়েছে সেটি ইসরায়েলের বিরুদ্ধে বিক্ষোভের একটি গুরুত্বপূর্ণ পয়েন্টে পরিণত হয়েছে। গাজা যুদ্ধে ইসরায়েল-বিরোধী মনোভাব বেশি থাকায় ওই অঞ্চল জুড়ে সবচেয়ে বড় শান্তিপূর্ণ সমাবেশ হয়ে আসছে।
একটি নিরাপত্তা সূত্র জানিয়েছে, হামলায় অভিযক্তদের সন্ধানে তল্লাশি চালাচ্ছে পুলিশ। সে কারণে বাসিন্দাদের বাড়িতে থাকার আহ্বান জানানো হয়েছে।

# আরব আমিরাতে নিখোঁজ ইহুদি ধর্মীয় নেতার মরদেহ উদ্ধার



**আপনজন ডেস্ক:** সংযুক্ত আরব আমিরাতে নিখোঁজ হওয়া এক ইহুদি রাব্বির (ধর্মীয় নেতা) মরদেহ উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় ইসরায়েল ও ইউএই-এর মধ্যে যৌথ তদন্ত পরিচালিত হচ্ছে।
ইসরায়েলি-মলদোভান নাগরিক জভি কোগান সংযুক্ত আরব আমিরাতের প্রধান ইহুদি নেতার (রাব্বি) সহকারী এবং কট্টরপন্থী ইহুদি ধর্মীয় আন্দোলন চাবাদের প্রতিনিধি। চাবাদ প্রতিনিধিরা সাধারণত শুদ্ধতাবাদী ধর্মীয় শিক্ষা প্রচারে কাজ করেন।
গত বৃহস্পতিবার (২১ নভেম্বর) থেকে নিখোঁজ ছিলেন কোগান। ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ এবং ইউএই কর্তৃপক্ষ নিখোঁজ হওয়ার পর থেকেই তদন্ত চালাচ্ছিল। ইসরায়েলের প্রধানমন্ত্রী কার্যালয়ের মতে এটি একটি অপরাধমূলক ও ইহুদি-বিদ্বেষী সন্ত্রাসী কর্মকাণ্ড।
ইসরায়েলি প্রধানমন্ত্রী কার্যালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, ‘কোগানের হত্যাকাণ্ড একটি সন্ত্রাসী ও ইহুদি-বিদ্বেষী অপরাধ। ইসরায়েল রাষ্ট্র এর জন্য দায়ীদের বিচারের আওতায় আনতে সব ধরনের পদক্ষেপ নেবে।’
শনিবার মোসাদের বরাতে ইসরায়েলের জাতীয় নিরাপত্তা পরিষদ জানায়, কোগান নিখোঁজের পর পাওয়া কিছু তথ্যের ভিত্তিতে এটিকে সন্ত্রাসী কর্মকাণ্ড মনে হচ্ছে। এ বিষয়ে তদন্ত চলছে।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৩১৮ সংখ্যা, ১০ অগ্রহায়ন ১৪৩১, ২২ জমাদিউল আউয়াল, ১৪৪৬ হিজরি

## অধিক কথা না বলাই শ্রেয়

যাহারা সত্য জানেন, তাহাদের যদি সত্য বলিবার অবস্থা বা পরিবেশ না থাকে, তাহা হইলে অধিক কথা না বলাই শ্রেয়। তাহারা এই ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' গল্প হইতে শিক্ষা লইতে পারেন। এই গল্পে হৈমন্তীর কোনো-এক দিদিমা শাশুড়ি তাহাকে জিজ্ঞাসা করিলেন, 'নাতবউ, তোমার বয়স কত বলো তো।' হৈমন্তী বলিল, 'সতেরো।' সেইকালে কনের বয়স সতেরো বছর হওয়াটা মানে সেই কনে আইবুড়ো। সেই কারণে অন্যদের নিকট হৈমন্তীর বয়স লুকাইতে তাহার শাশুড়ি বলিলেন, 'তোমার বাবা যে বলিলেন, তোমার বয়স এগারো!' হৈম চমকিয়া কহিল, 'বাবা বলিয়াছেন? কখনো না।' ইহা লইয়া বিস্তর ঝামেলা হইল। অতঃপর হৈমন্তীর বাবা আসিলে তাহার নিকট প্রশ্ন করিল, 'কেহ যদি বয়স জিজ্ঞাসা করে কী বলিব?' হৈমন্তীর বাবা বলিলেন, 'মিথ্যা বলিবার দরকার নাই, তুমি বলিয়ো—আমি জানি না...।' এইখানে হৈমন্তীর 'বয়স' হইল 'নির্বাচন'—যাহা লইয়া সত্য উচ্চারণ করাটা তৃতীয় বিশ্বে সম্ভব নহে। আর সত্য উচ্চারণ করা সম্ভব নহে বিধায় হৈমন্তীর বাবার উপদেশ মতো বলিতে হয়—মিথ্যা বলিবার দরকার নাই, কথা বরং কম বলা ভালো। যেই সত্য আড়াল করিতে হইবে, সেই প্রসঙ্গে কথা বলাটাই বিপজ্জনক। কারণ, সুরা আল-বাকারায় ৪২ নম্বর আয়াতে বলা হইয়াছে—'তোমরা সত্যকে মিথ্যের সঙ্গে মিশ্রিত করো না এবং জেনে শুনে সত্য গোপন করো না।' দুঃখের বিষয় হইল, নির্বাচন প্রসঙ্গে প্রায়শই সত্যের সহিত মিথ্যা মিশ্রিত করা হইতেছে এবং অনেকেই জানিয়া শুনিয়া সত্য গোপন করিতেছেন। তৃতীয় বিশ্বের দেশগুলিতে দশকের পর দশক ধরিয়া বেশ গালভরা একটি বুলি আওড়ানো হয় যে, 'নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ হইবে।' কিন্তু বাস্তবতা হইল, নির্বাচনে কত ধরনের সহিংসতা হইতে পারে, তাহার যেন নূতন নূতন দৃষ্টান্ত আমরা দেখিতে পাই। বিশ্বের স্বনামধন্য কিছু গবেষণা প্রতিষ্ঠান বলিতেছে, নির্বাচন কারচুপির মেকানিজমটা উন্নয়নশীল বিশ্বের কিছু দেশ খুব ভালোভাবে আয়ত্ত করিয়া ফেলিয়াছে বহু দশক ধরিয়া। কিছুদিন পূর্বে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একটি উপজেলায় পৌর নির্বাচনের অনিয়ম লইয়া বিভিন্ন পত্রপত্রিকায় বিস্তর সংবাদ প্রকাশিত হইয়াছিল। সেই সকল প্রকাশিত সংবাদে বলা হইয়াছিল, প্রশাসনের নাকের ডগায় সন্ত্রাসীরা গাড়ির বহর লইয়া ঘুরিয়া বেড়াইলেও নির্বাচন আচরণবিধি বারবার লঙ্ঘন করা হইলেও প্রশাসন কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করে নাই। অথচ নির্বাচনকে সুষ্ঠু করিবার জন্য সকল পর্যায় হইতে ঘোষণা দেওয়া হইয়াছিল—'যে কোনো মূল্যে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করা হইবে।' স্বাভাবিকভাবে প্রশ্ন তোলা যায়—এই ধরনের ঘোষণা কি কেবল বাত-কা-বাত?

সুতরাং বিভিন্ন পর্যায়ের নির্বাচনকে যখন বলা হয়, 'সুষ্ঠু নির্বাচন' হইয়াছে—তখন উহা সত্যের অপলাপ ছাড়া আর কী? এই চিত্র নূতন নহে—দশকের পর দশক ধরিয়া হইয়া আসিতেছে তৃতীয় বিশ্বের দেশগুলিতে। এই সকল দেশে কী ধরনের নির্বাচন হয়, তাহা মানুষের পক্ষে জানা সম্ভব না হইলেও যাহারা স্থানীয় পর্যায়ে চোখ-কান খোলা রাখেন, যাহারা ভোটের সহিত যুক্ত কিংবা যাহারা বিভিন্ন দলের কর্মী—তাহারা সকলেই জানেন দশকের পর দশক ধরিয়া কী ধরনের এবং কেমনতর 'সুষ্ঠু নির্বাচন' হইয়া আসিতেছে। ইহার সহিত যখন আবেগের আতিশয্যে বলা হয়, অমুকের জনপ্রিয়তা আকাশচুম্বী, তমুকের জনপ্রিয়তার গভীরতা হার মানাইবে বঙ্গোপসাগরকেও, তখন তাহাদের কথা শুনিয়া ওয়াকিবহাল মহল মুখ টিপিয়া হাসিতে বাধ্য হন। কারণ, এই ধরনের আকাশচুম্বী জনপ্রিয়তার কথা যাহারা বলেন তাহারা কখনো সঠিক ও সুষ্ঠু নির্বাচন দেখেন নাই বিধায় মনের মাধুরি মিশাইয়া কল্পবিলাসী কবির মতো নিজের লিডারকে অস্বাভাবিক বিশেষণে ভূষিত করিতে লজ্জা পান না।

অতএব এই সকল দেশে সঠিক নির্বাচনের কথা বলা উচিত নহে। এই বিষয়ে কথা না বলাই উত্তম। অবস্থা এমন হইয়াছে যে, 'সুষ্ঠু নির্বাচনের' কথা শুনিলেই অনেকের মনে ঢাকাইয়া কুট্টিদের কথাটি গুঞ্জরিত হয়—'আস্তে কন হুজুর, হুনলে ঘোড়ায় ভি হাসব!' যেই কথা শুনিয়া ঘোড়াও হাসিবে, সেই কথা বলিবার দরকার কী?

# শ্রীলঙ্কার সংখ্যালঘু মুসলিম ও তামিলদের জীবন কতটা বদলাতে পারবেন অনূঢ়া

ALJAZEERA

শ্রীলঙ্কার ২২৫ আসনের পার্লামেন্টে ১৫৯ আসন জিতেছে এনপিপি। দুই-তৃতীয়াংশ আসন নিয়ে একক সংখ্যাগরিষ্ঠ সরকার গঠনের জন্য যা যথেষ্ট। দেশটির অতীত ইতিহাসে এমনটা কখনো দেখা যায়নি। বিশ্লেষণ **আল জাজিরা।**



শ্রীলঙ্কার প্রেসিডেন্ট অনূঢ়া কুমারা দিশানায়েকে গত বৃহস্পতিবার ভোটের দিন কলম্বোর একটি ভোটকেন্দ্র থেকে বের হয়ে যাচ্ছিলেন। এ সময় আবদুল রহমান সাইয়্যাদু সুলাইমান নামের এক ব্যক্তি তাঁকে ডাকেন। একটু দাঁড়িয়ে তাঁর অভিযোগ শোনার অনুরোধ করেন। পুলিশ দ্রুত সুলাইমানকে ঘিরে ফেলে এবং সেখান থেকে চলে যেতে বলে।

সুলাইমান বলেন, 'আমি চাই (অনূঢ়া) আমাদের মতো মানুষের দুর্দশার কথা শুনুক। সাবেক সরকার যখন কোভিড-১৯ মহামারির সময় একটি শিশুকে দাহ করে, তখন আমি তার প্রতিবাদ করেছিলাম। আমি আমার ধর্মের পক্ষে আওয়াজ তুলেছিলাম। মুসলিম জনগণ ন্যায়বিচার পায়নি।'

শ্রীলঙ্কার ২২৫ আসনের পার্লামেন্টে ১৫৯ আসন জিতেছে এনপিপি। দুই-তৃতীয়াংশ আসন নিয়ে একক সংখ্যাগরিষ্ঠ সরকার গঠনের জন্য যা যথেষ্ট। দেশটির অতীত ইতিহাসে এমনটা কখনো দেখা যায়নি।

সুলাইমান আশা করছেন, অনূঢ়া তাঁদের সঙ্গে ন্যায়বিচার করবেন। সুলাইমানের মতো শ্রীলঙ্কার অনেক মানুষ একই আশা করেন। যে কারণে গত সেপ্টেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করেন অনূঢ়া।

সুলাইমানের মতো মানুষের আশা আসলে কতটা পূরণ হবে, এবার তার পরীক্ষা। কারণ, শুধু প্রেসিডেন্ট নির্বাচনেই নয় বরং গত বৃহস্পতিবার দেশটির পার্লামেন্ট নির্বাচনে অনূঢ়ার দল ন্যাশনাল পিপলস পাওয়ার (এনপিপি) বড় জয় পেয়েছে। শ্রীলঙ্কার ২২৫ আসনের পার্লামেন্টে ১৫৯ আসন জিতেছে এনপিপি। দুই-তৃতীয়াংশ আসন নিয়ে একক সংখ্যাগরিষ্ঠ সরকার গঠনের জন্য যা যথেষ্ট। দেশটির অতীত ইতিহাসে এমনটা কখনো দেখা যায়নি।

এনপিপির প্রধান প্রতিপক্ষ সমাগি জনা বালাবেগায়া (এসজেবি) ৪০টি আসন পেয়েছে। সাবেক প্রেসিডেন্ট রনিল বিক্রমাসিংহের দল নিউ ডেমোক্রেটিক ফ্রন্ট পেয়েছে মাত্র পাঁচটি আসন। গত দুই দশকের বেশি সময় ধরে দেশটির রাজনীতিতে প্রভাব বিস্তার করে যাওয়া রাজাপক্ষে পরিবারের দল এসএলপিপি মাত্র তিনটি আসনে জয়লাভ করেছে।

সেপ্টেম্বরে অনূঢ়া যখন প্রেসিডেন্ট নির্বাচিত হন, তখন দেশটির পার্লামেন্টে তাঁর নির্বাচনী জোট এনপিপির আসন ছিল মাত্র তিনটি। পার্লামেন্টে নিজ জোটের আসনসংখ্যা বাড়াতে তিনি আগাম নির্বাচন দেন। এখন তাঁর জোট সংখ্যাগরিষ্ঠতা অর্জন করল।

কলম্ব থেকে নির্বাচন করে জয়ী হওয়া এনপিপি নেতা সমনমলী গুণাসিংহে বলেন, 'আমরা খুশি, এখন আমরা জনগণের জন্য কাজ করতে পারব। তারা (জনগণ) দেখিয়েছে পুরোনো ধারার রাজনীতি থেকে তারা বেরিয়ে আসতে চায়।'

> 'ভোটের এই ফলাফল গুরুত্বপূর্ণ। কারণ, শ্রীলঙ্কার রাজনৈতিক ভিত্তি এবং জাতি, ধর্ম ও মতাদর্শগত পার্থক্যের কারণে যে বিভেদ, তা পেরিয়ে সবাই একক কোনো দলের পেছনে একজোট হওয়ার সুযোগ পাচ্ছে। আগের জোট সরকারগুলোকে অংশীদার দলের মতামত ও পছন্দ-অপছন্দকে গুরুত্ব দিতে হয়েছে। ফলে নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে তাদের দুর্বল হয়ে পড়তে হয়েছে।'
>
> রাজনীতি বিশ্লেষক অরুণা কুলাতুঙ্গা

**পরিবর্তনের জন্য ভোট**

রাজনৈতিক বিশ্লেষক অরুণা কুলাতুঙ্গা বলেন, ১৯৭৭ সালের পর এই প্রথম শ্রীলঙ্কায় পার্লামেন্ট ব্যবস্থায় আনুপাতিক প্রতিনিধিত্বে পরিবর্তন দেখা গেছে। সেখানে এই প্রথম কোনো একটি দল একক সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। সেই সঙ্গে দেশটিতে প্রথমবার ক্ষমতাসীন কোনো প্রেসিডেন্টের দল পার্লামেন্টে একক সংখ্যাগরিষ্ঠতা পেল। সরকার গঠনে অন্য কোনো দল বা জোটসঙ্গীর প্রয়োজন তাদের পড়বে না। এই রাজনৈতিক বিশ্লেষক আরও বলেন, ভোটের এই ফলাফল গুরুত্বপূর্ণ। কারণ, শ্রীলঙ্কার রাজনৈতিক ভিত্তি এবং জাতি, ধর্ম ও মতাদর্শগত পার্থক্যের কারণে যে বিভেদ, তা পেরিয়ে সবাই একক কোনো দলের পেছনে একজোট হওয়ার সুযোগ পাচ্ছে। আগের জোট সরকারগুলোকে অংশীদার দলের মতামত ও পছন্দ-অপছন্দকে গুরুত্ব দিতে হয়েছে। ফলে নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে তাদের দুর্বল হয়ে পড়তে হয়েছে। দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে অনূঢ়ার দল এখন সংবিধান সংশোধন করার সুযোগ পাবে। এনপিপি এর আগে সংশোধনের মাধ্যমে সংবিধানের নতুন রূপ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। অনূঢ়ার মার্ক্সবাদী জনতা বিমুক্তি পুরামুনার নেতৃত্বে গঠিত এনপিপির কাছে জনগণের প্রত্যাশা অনেক বেশি। নাগরিক সমাজের একাধিক দলসহ বিভিন্ন সংস্থা মিলে এনপিপি গঠিত হয়েছে।

২০২২ সালে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষের বিরুদ্ধে যে গণ-আন্দোলন গড়ে উঠেছিল, সে সময়ে এনপিপি সংগঠিত হয়। গণ-আন্দোলনের মুখে ক্ষমতা ছাড়তে বাধ্য হন গোতাবায়া।

কলম্বোয় দিনমজুরের কাজ করেন ৩৮ বছরের বসন্ত রাজ। তিনি বলেন, তাঁর এলাকায় এনপিপি প্রার্থীর নামও তিনি জানেন না। তারপরই তিনি তাঁকে ভোট দিয়েছেন। তিনি মূলত এনপিপি জোটকে ভোট দিয়েছেন। দলের প্রার্থী কে ছিলেন, সেটা তাঁর কাছে কোনো বিষয় নয়।

বসন্ত বলেন, 'বছরের পর বছর ধরে আমরা একই মানুষকে ভোট দিয়ে গেছি এবং কোনো পরিবর্তন আসেনি। এবার আমরা দেখতে চাই তারা (এনপিপি) কী করে।'

**এনপিপির উত্থান**

২০২২ সালের বিক্ষোভের পর শ্রীলঙ্কার রাজনীতিতে দ্রুত উত্থান হয় অনূঢ়ার। তিনি দেশের অর্থনীতিকে শক্তিশালী করা ও সর্বস্তরে ছড়িয়ে পড়া দুর্নীতি দমনের ওপর জোর দিয়ে নির্বাচনী প্রচার চালান। বিক্ষোভের সময় শ্রীলঙ্কার ক্ষমতার লাগাম ছিল রাজাপক্ষে পরিবারের হাতে। প্রেসিডেন্ট গোতাবায়ার ভাই মাহিন্দা রাজাপক্ষে ছিলেন প্রধানমন্ত্রী। বিপর্যস্ত অর্থনীতি ও ব্যাপক আকারে দুর্নীতি বন্ধের দাবিতে শুরু হওয়া ওই গণ বিক্ষোভের মুখে দুই রাজাপক্ষে ভাই ক্ষমতা ছেড়ে পালিয়ে যান। সে সময় ক্ষমতায় আসেন রনিল বিক্রমাসিংহে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণ এবং আরও কয়েকটি মাধ্যম থেকে ঋণ নিয়ে দেশের অর্থনীতি অনেকটাই স্থিতিশীল করতে সক্ষম হন বিক্রমাসিংহে। কিন্তু আইএমএফের শর্ত অনুযায়ী, তাঁকে নানা বিষয়ে কঠোর কৃচ্ছ্রসাধনের পথে হাঁটতে হয়েছে। তিনি কঠোর হাতে নানা সামাজিক নিরাপত্তা ব্যয় কমিয়ে আনেন ও কর বৃদ্ধি করেন। যা নিয়ে জনমনে ক্ষোভের সঞ্চার হয়। কলম্বোয় একটি ভোটকেন্দ্রের বাইরে ৮৩ বছর বয়সী মাকে নিয়ে দাঁড়িয়ে ছিলেন ৬৩ বছরের এম এফ সারিনা। তিনিও আশা করছেন, নতুন সরকার দুর্নীতির বিরুদ্ধে লড়াই করবে ও গরিব মানুষের ওপর থেকে চাপ কমাবে। তিনি বলেন, 'আমার মা খুবই অসুস্থ। তার বয়স হয়েছে, আমি তার দেখাশোনা করি। দৈনন্দিন জীবন চালানো আমাদের জন্য কঠিন হয়ে পড়েছে। খাবারের দাম অনেক বেশি, ওষুধ হাতের নাগালের বাইরে। আমরা আশা করছি, পরিস্থিতির দ্রুত পরিবর্তন হবে।' গত শুক্রবার ভোটের পূর্ণ ফলাফল প্রকাশের পর এনপিপির সম্পাদক নিহাল আবেসিংহে তাঁর দলের ওপর মানুষের প্রত্যাশার চাপ স্বীকার করে নিয়েছেন। তিনি বলেন, 'আমরা এটুকু নিশ্চয়তা দিতে পারি যে আগের লোকজনের মতো করে আমরা ক্ষমতার অপব্যবহার করব না।'

> 'আমার মা খুবই অসুস্থ। তার বয়স হয়েছে, আমি তার দেখাশোনা করি। দৈনন্দিন জীবন চালানো আমাদের জন্য কঠিন হয়ে পড়েছে। খাবারের দাম অনেক বেশি, ওষুধ হাতের নাগালের বাইরে। আমরা আশা করছি, পরিস্থিতির দ্রুত পরিবর্তন হবে।'
>
> কলম্বোর ভোটার এম এফ সারিনা

**অনূঢ়ার জোট**
**তামিলদের সমর্থন**

শ্রীলঙ্কার উত্তরের তামিল জনগণ এবার অতীতের পথে হাঁটেনি। তাঁরা এবার তামিল রাজনৈতিক দলগুলোকে নয় বরং ব্যাপকভাবে এনপিপিকে ভোট দিয়েছে। উত্তরের বেশির ভাগ আসন তাই এনপিপির ঘরে গেছে। প্রায় তিন দশক ধরে তামিল বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে শ্রীলঙ্কার সেনাবাহিনীর লড়াই চলেছে। তামিল বিচ্ছিন্নতাবাদীদের নেতা নিহত হওয়ার মধ্য দিয়ে ২০০৯ সালে রক্তক্ষয়ী ওই গৃহযুদ্ধের অবসান হয়।

জাফনা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক আহিলান কাদিরগামার বলেন, হয়তো তামিল ভোটাররা তাঁদের সম্প্রদায়ের রাজনৈতিক নেতাদের ওপর ক্ষুব্ধ। কারণ, তাঁরা তামিল জনগণের জন্য ভালো কিছু করার প্রতিশ্রুতি পূরণে ব্যর্থ হয়েছে। এ জন্য এবার তামিল ভোটাররা গণহারে এনপিপিকে ভোট দিয়েছেন। শ্রীলঙ্কার উত্তর ও পূর্বাঞ্চল তামিল-অধ্যুষিত। এই শিক্ষক বলেন, এনপিপির আসল কাজ এখন শুরু হবে। নতুন সরকারকে ওই দুই অঞ্চলের মানুষের উদ্বেগের সমাধান করতে হবে। বিশেষ করে গৃহযুদ্ধের সময় দেশটির সেনাবাহিনী ও অন্যান্য সরকারি দপ্তর তামিলদের যেসব ভূমি দখল করছে, সরকারকে সেগুলো অবশ্যই ফিরিয়ে দিতে হবে।

আহিলান কাদিরগামার আরও বলেন, সরকারকে অবশ্যই সংখ্যালঘু তামিল ও মুসলিম সম্প্রদায়ের মানুষের উদ্বেগের সমাধান করতে হবে। তারাই দেশটিতে জাতিগত বিদ্বেষের শিকার বেশি হয়। এই উদ্বেগের সমাধান করা 'সহজ হবে না' বলে মনে করেন তিনি।

# 'আমরা কি মানুষ নই': ইসরায়েলের তাণ্ডবে বৈরুতবাসীর ক্ষোভ

BBC বাংলা

**বিশেষ প্রতিবেদন**



লেবাননের রাজধানী বৈরুতের একেবারে কেন্দ্রে বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। এতে অন্তত ২০ জন নিহত হয়েছেন। স্থানীয় কর্মকর্তারা বলছেন, হিজবুল্লাহর বিরুদ্ধে লড়াই শুরু করার নামে লেবাননে যে তাণ্ডব ইসরায়েল চালাচ্ছে, বৈরুতে এ হামলা তারই সাম্প্রতিকতম উদাহরণ।

কোনো রকমের পূর্বসতর্কতা দেওয়া ছাড়াই গতকাল শনিবার স্থানীয় সময় ভোররাত চারটার দিকে বৈরুতে এ হামলা চালায় ইসরায়েল। ইসরায়েলি গণমাধ্যমের খবরে দাবি করা হয়, এটি ছিল লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর এক জ্যেষ্ঠ কর্মকর্তাকে হত্যার চেষ্টা।

বিস্ফোরণ এত শক্তিশালী ছিল যে এর প্রভাব বৈরুত শহরজুড়ে অনুভূত হয়। বৈরুতের ঘনবসতিপূর্ণ বাসতা এলাকায় এ হামলায় অন্তত আটতলা একটি আবাসিক ভবন বিধ্বস্ত হয়েছে।

বিস্ফোরণ এত শক্তিশালী ছিল যে এর প্রভাব বৈরুত শহরজুড়ে অনুভূত হয়। বৈরুতের ঘনবসতিপূর্ণ বাসতা এলাকায় এ হামলায় অন্তত আটতলা একটি আবাসিক ভবন বিধ্বস্ত হয়েছে।

লেবাননের জাতীয় বার্তা সংস্থা বলেছে, হামলায় বাংকার বাস্টার বোমা ব্যবহার করা হয়েছে। হিজবুল্লাহর প্রধান হাসান নাসরুল্লাহসহ সংগঠনটির জ্যেষ্ঠ নেতাদের হত্যায় এর আগে ইসরায়েল যে ধরনের অস্ত্র ব্যবহার করেছিল, এটি তার অনুরূপ।

গতকালের হামলায় নিহত ব্যক্তির সংখ্যা ১৫ থেকে বেড়ে ২০-এ দাঁড়িয়েছে। ভবনের ধ্বংসস্তূপে চাপা পড়া ব্যক্তিদের উদ্ধারে জোর চেষ্টা চালাচ্ছিলেন জরুরি বিভাগের কর্মীরা।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, ওই ঘটনায় ৬০ জনের বেশি আহত হয়েছেন। হতাহত ব্যক্তির সংখ্যা বাড়তে পারে।

এটা ছিল এক ভয়ানক বিস্ফোরণ। এর প্রচণ্ডতায় আমার স্ত্রী ও সন্তানদের ওপর জানালাগুলো ও সব কাচ ভেঙে এসে পড়ে। আমার বাসা এখন যুদ্ধক্ষেত্রের মতো।

আলী নাসের, বৈরুতে হামলাস্থলের কাছের ভবনের বাসিন্দা

বিধ্বস্ত ভবনের কাছের একটি ভবনের বাসিন্দা ৫৫ বছর বয়সী আলী নাসের। তিনি বলেন, 'এটা ছিল এক ভয়ানক বিস্ফোরণ। এর প্রচণ্ডতায় আমার স্ত্রী ও সন্তানদের ওপর জানালাগুলো ও সব কাচ ভেঙে এসে পড়ে। আমার বাসা এখন যুদ্ধক্ষেত্রের মতো।'

ইসরায়েলের হামলায় ক্ষোভ প্রকাশ করে আলী নাসের বলেন, 'যদি একজনও এখানে লুকিয়ে থাকেন, তবে আপনার কি উচিত লোকজন যেখানে ঘুমিয়ে আছেন, সেখানে এভাবে বোমা হামলা চালানো? এক ব্যক্তির জন্য সবাইকে মেরে ফেলা কি জরুরি? নাকি আমরা মানুষ না। আমি এটা জানতে চাই।'

ইসরায়েলের সরকারি সম্প্রচারমাধ্যম কানের দাবি, হিজবুল্লাহর অন্যতম জ্যেষ্ঠ নেতা মোহাম্মদ হায়দারকে হত্যার চেষ্টায় এ হামলা চালানো হয়েছে। হিজবুল্লাহর আইনপ্রণেতা আমিন শেরি বলেছেন, তাঁদের সংগঠনের নেতারা ওই ভবনে ছিলেন না। অবশ্য মোহাম্মদ হায়দারের বিষয়টি এখনো অস্পষ্ট।

এ বিষয়ে ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) কোনো মন্তব্য করেনি।

আইডিএফ গতকাল দক্ষিণ বৈরুতের দাহিয়াহ এলাকায়ও বিমান হামলা চালিয়েছে। বাহিনী বলেছে, যেসব ভবনে হামলা চালানো হয়েছে, সেসব হিজবুল্লাহর সঙ্গে সংশ্লিষ্ট।

লেবাননের দক্ষিণেও এদিন বিমান হামলা চালায় ইসরায়েল। এ অঞ্চলে ইসরায়েলির স্থলবাহিনীও অভিযান চালাচ্ছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, পূর্বাঞ্চলীয় শহর বালবেকে ইসরায়েলি বাহিনীর আরেকটি বিমান হামলায় চার শিশুসহ অন্তত ১৫ জন নিহত হয়েছেন।

লেবাননের দক্ষিণেও এদিন বিমান হামলা চালায় ইসরায়েল। এ অঞ্চলে ইসরায়েলির স্থলবাহিনীও অভিযান চালাচ্ছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, পূর্বাঞ্চলীয় শহর বালবেকে ইসরায়েলি বাহিনীর আরেকটি বিমান হামলায় চার শিশুসহ অন্তত ১৫ জন নিহত হয়েছেন।

লেবাননে ইরান-সমর্থিত হিজবুল্লাহ গোষ্ঠীর বিরুদ্ধে দুই সপ্তাহ ধরে অভিযান জোরদার করেছে ইসরায়েল। ইতিমধ্যে দুই পক্ষের মধ্যে যুদ্ধবিরতি প্রতিষ্ঠায় চলছে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রচেষ্টা। এক বছরের বেশি সময় ধরে চলা ইসরায়েল-হিজবুল্লাহর লড়াই অবসানের প্রচেষ্টায় অগ্রগতি হয়েছে। তবে এর মধ্যেই গতকাল এসব চালাল ইসরায়েল। যুক্তরাষ্ট্রের জো বাইডেন প্রশাসনের কূটনৈতিক প্রচেষ্টায় নেতৃত্ব দেওয়া অ্যামোস হসটেইন শান্তি প্রতিষ্ঠায় মার্কিন খসড়া চুক্তিকে এগিয়ে নিতে চলতি সপ্তাহে লেবানন ও ইসরায়েলি কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করেছেন।

ইসরায়েলের সঙ্গে সংঘাত অবসানে হিজবুল্লাহ ও ইরান উভয়েই একটি চুক্তি সইয়ে আগ্রহের ইঙ্গিত দিয়েছে বলে জানিয়েছেন লেবাননের এক জ্যেষ্ঠ কর্মকর্তা। গত বুধবার হিজবুল্লাহর সেক্রেটারি জেনারেল নাঈম কাসেম বলেছেন, শান্তিচুক্তি সইয়ে যুক্তরাষ্ট্রের একটি প্রস্তাব পেয়েছেন তাঁরা। তবে চুক্তির সইয়ের শর্ত হিসেবে তিনি বলেন, ইসরায়েলের তরফে পুরোপুরি বৈরিতার অবসান ঘটাতে ও লেবাননের সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধা দেখাতে হবে। অন্যথায় দীর্ঘ মেয়াদে লড়াই চালিয়ে যেতে প্রস্তুত রয়েছেন তাঁরা।

গত বছরের অক্টোবর থেকে লেবাননে ইসরায়েলের হামলায় ৩ হাজার ৬৭০ জনের বেশি নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ১৫ হাজার ৪০০ জন। এ তথ্য জানিয়ে লেবাননের কর্তৃপক্ষ বলছে, ইসরায়েলি হামলার কারণে এ সময়ে বাড়িঘর ছাড়তে বাধ্য হয়েছেন ১০ লাখের বেশি মানুষ।

প্রথম নজর

# মাধ্যমিক পরীক্ষার্থীদের নিয়ে বিশেষ প্রস্তুতি কর্মশালা গুসকরায়



**নিজস্ব প্রতিবেদক ● গুসকরা**

**আপনজন:** তৌহিদ মিশনে মাধ্যমিকের ডাউট ক্লিয়ারেন্স ক্লাস পূর্ব বর্ধমানের গুসকরায় প্রখ্যাত প্রতিষ্ঠান তৌহিদ মিশনে রবিবার অনুষ্ঠিত হয়ে গেল মাধ্যমিক পরীক্ষার্থীদের নিয়ে এক বিশেষ প্রস্তুতি কর্মশালা।

ধী-লার্ন অ্যাকাডেমির পরিচালনায় এই কর্মশালায় অংশ নিয়েছিলেন কলকাতার প্রখ্যাত শিক্ষকেরা। রাহুল সেনগুপ্ত, শুভদীপ মুখোপাধ্যায়, সুপ্রভাত ঘোষ, বিদ্যাসাগর আচার্য প্রমুখ।

অবিকল মাধ্যমিকের অনুকরণে প্রস্তুত করা প্রশ্নপত্রে পরীক্ষায় অংশ নিয়েছিল তৌহিদ মিশনের সেরা ৫২ জন ছাত্র। উত্তরপত্র মূল্যায়নের পর এদিন অভিজ্ঞ শিক্ষকদের পরিচালনায় ছাত্ররা অংশ নিয়েছিল ডাউট ক্লিয়ারেন্স ক্লাসে। ধী-লার্ন অ্যাকাডেমির পরিচালক পান্থ মল্লিক জানান জীবনের প্রথম স্কুলের গণ্ডির বাইরে বোর্ড পরীক্ষার প্রস্তুতির জন্য মক টেস্টের জুড়ি আর কিছু হতে পারে না। সচেতন অভিভাবক ও বিদ্যালয় কর্তৃপক্ষরা মক টেস্ট-এর প্রয়োজনীয়তা বুঝে মাধ্যমিকের আগে ছাত্র-ছাত্রীদের উন্নতিতে এর উদ্যোগ নিচ্ছেন সর্বত্র।

এদিন কর্মশালার শুরুতে তৌহিদ মিশনের সম্পাদক আমানতুল্লাহ শাহ বলেন অভিজ্ঞ শিক্ষকদের পরিচালনায় মক টেস্ট এবং ডাউট ক্লিয়ারেন্স পর্ব ছাত্রদের জন্য অত্যন্ত উপযোগী। এ ধরনের আরো কর্মসূচি আগামী দিনে গ্রহণ করার আশ্বাস দেন তিনি।

# শিক্ষা-সংস্কৃতি নিয়ে অনুষ্ঠান যাদবপুরে

**মোহাম্মদ জাকারিয়া ● ডালখোলা**

**আপনজন:** উত্তর দিনাজপুরের করণদিঘী ব্লকের বাজারগাঁও ১ নম্বর পঞ্চায়েতের অন্তর্গত যাদবপুর আদর্শ শিশু বিকাশ একাডেমিতে রবিবার উদযাপিত হল বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রি-প্রাইমারি থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষাদানকারী এই একাডেমিতে শিক্ষার্থীদের প্রতিভা প্রকাশের অন্যতম মঞ্চ হয়ে উঠল এই অনুষ্ঠান।

কুরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এরপর কবিতা আবৃত্তি, বক্তৃতা, কুইজ প্রতিযোগিতা, নাচ-গান, ও শিক্ষামূলক নাটকের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের মেধা ও সৃজনশীলতার বহিঃপ্রকাশ ঘটায়। উপস্থিত দর্শকদের মনোমুগ্ধ করে তাদের পরিবেশনা।



অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাজারগাঁও পঞ্চায়েত প্রধানের প্রতিনিধি আব্দুল মাজেদ। এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষক মোজাম্মেল হক, পঞ্চায়েত সমিতির সদস্য মোহাম্মদ চারু, এবং সমাজসেবী মোজাম্মেল হক, আতাউর রহমান সহ আরও অনেকেই। বক্তারা শিশুদের এই মেধা প্রকাশের উদ্যোগের প্রশংসা করেন। একাডেমির ডাইরেক্টর আনিসুর রহমান ও প্রধান শিক্ষক আলতাব হোসেন জানান, "বাচ্চারা সারা বছর যে শিক্ষা অর্জন করে, আজকের অনুষ্ঠানের মাধ্যমে তা তুলে ধরার সুযোগ পায়।

# জলসায় ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান



**নাজমুস সাহাদাত ● কালিয়াচক**

**আপনজন:** মালদার কালিয়াচকের উত্তর দরিয়াপুরে ক্বালিমীয়া সেরাজিয়া গারিব নাওয়াজ মিশনের পরিচালনায় এক বিরাট ধর্মীয় জালসার আয়োজন করা হয়েছিল। এদিন রবিবার জালসার মাহফিলে বাদ আসর হতে খাতমে বোখারী শরীফ, সন্ধায় মাগরিবের নামাজ পর চিশতিয়া ইংলিশ মিডিয়াম স্কুলের ছাত্রছাত্রীদের বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতামূলক বিভিন্ন ভাষায় কবিতা আবৃত্তি, গজল, ইংরেজি-বাংলা ও হিন্দি অনুবাদে সুরা পাঠ, নাতে রাসুল, তাৎক্ষণিক বক্তব্য, ছাড়াও ছিল এক শিক্ষনীয় মনোজ্ঞ প্রদর্শনী অনুষ্ঠান হয়। এছাড়াও ইসলামিক ও সামাজিক সচেতনতার বার্তা তুলে ধরে শিক্ষনীয় নাটক প্রদর্শন করে স্কুলের ছাত্রছাত্রীরা। এবং বাদ এশার নামাজ শেষে সারারাত্রী ব্যাপী ইসলামিক জালসা ও দাস্তারবান্দির আয়োজন করা হয়। এদিনের এই ইসলামিক জালসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উত্তরপ্রদেশ রাজ্যের মিরানপুর কাটরা শরীফ থেকে আগত হযরত সাঈয়েদ শাহ মাসউদ আহমাদ কালিমী চিশতীউল ক্বাদরী। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামি বক্তা হযরত মাওলানা জিয়াউদ্দিন, মুফতি রেজাউল হক মিসবাহী, মুফতি একরামুল হক মিসবাহী, মাওলানা আসমাউল হক, শায়েরে ইসলাম মাহবুব জাফার, মাওলানা খলিলুর রহমান, জালসা কমিটির সম্পাদক আব্দুস সাত্তার ছাড়াও স্থানীয় বিশেষ আলেম ওলামাগণ উপস্থিত ছিলেন।

চিশতিয়া ইংলিশ মিডিয়াম স্কুলের প্রধান শিক্ষক তন্ময় মিত্র বলেন, কালিয়াচকে যে শিক্ষার প্রসার চতুর্দিকে ছড়াচ্ছে তা ভাবনার বাইরে।

# সাড়ে তিন বছরের শিশুকে যৌন হেনস্থায় ধৃত প্রাক্তন রেলকর্মী

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** চকোলেট ও বিস্কুটের লোভ দেখিয়ে নির্জন জায়গায় নিয়ে গিয়ে সাড়ে তিন বছরের এক শিশুকে যৌন হেনস্থার ঘটনায় বাঁকুড়ায় গ্রেফতার হল ৬২ বছর বয়সী এক রেলকর্মী। গতকাল ওই রেলকর্মীকে গ্রেফতার করে বাঁকুড়া জেলা আদালতে পেশ করে পুলিশ। ধৃতের কঠোর শাস্তির দাবীতে সরব হয়েছেন এলাকাবাসী।



স্থানীয় সূত্রে জানা গেছে শুক্রবার বিকালে বাঁকুড়া শহরেরই সাড়ে তিন বছরের এক শিশু অন্যান্য বন্ধুদের সঙ্গে বাড়ি লাগোয়া ফাঁকা জায়গায় খেলা করছিল। সেইসময় সেখানে হাজির হয় এলাকারই বাসিন্দা ৬২ বছর বয়স্ক অবসরপ্রাপ্ত রেলকর্মী তারাপদ কর্মকার। খেলার জায়গা থেকে তারাপদ কর্মকার এক শিশুকন্যাকে চকোলেট ও বিস্কুট দেওয়ার লোভ দেখিয়ে অদূরে থাকা একটি নির্জন জায়গায় নিয়ে গিয়ে যৌন নির্যাতন করে বলে অভিযোগ। বিষয়টি নজরে আসতেই স্থানীয়রা তারাপদ কর্মকারকে হাতেনাতে ধরে বাঁকুড়া সদর থানার পুলিশের হাতে তুলে দেয়। পরে শিশুকন্যার পরিবারের লিখিত অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত তারাপদ কর্মকারকে গ্রেফতার করে বাঁকুড়া জেলা আদালতে পেশ করে। নির্যাতিতা শিশুর পরিবার ও এলাকাবাসীর দাবী এই প্রথমবার নয় একাধিকবার শিশুদের যৌন নির্যাতন করেছে ওই বৃদ্ধ। অবিলম্বে ধৃতের কঠোরতম শাস্তির দাবী তুলেছেন তাঁরা। পুলিশ জানিয়েছে ধৃতের বিরুদ্ধে পকসো আইনে মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# নিজের এলাকায় বিপুল ব্যবধানে জয়, উচ্ছ্বাসিত আব্দুল হাই

**নিজস্ব প্রতিবেদক ● হাড়োয়া**

**আপনজন:** হাড়োয়া উপনির্বাচনে নিজের এলাকায় বিপুল ব্যবধানে তৃণমূল কংগ্রেসকে জয়ী করতে পেরে উচ্ছ্বাসিত হাড়োয়া বিধানসভার তৃণমূল নেতা ও দাদপুর গ্রাম পঞ্চায়েত উপপ্রধান তথা উত্তর ২৪ পরগনা জেলা সংখ্যালঘু তৃণমূল কংগ্রেস সাধারণ সম্পাদক আব্দুল হাই। হাড়োয়া তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ রবিউল ইসলামকে জয়ী করতে হাড়োয়া জুড়ে তাৎপরতা গ্রহণ করেছিল তৃণমূল নেতৃত্বরা। উল্লেখযোগ্য ভাবে যারা প্রথম সারিতে ছিলেন তাদের মধ্যে অন্যতম দাদপুর গ্রাম পঞ্চায়েত উপপ্রধান আব্দুল হাই। শনিবার ছিল উপনির্বাচনের ফল প্রকাশ, শেষ রাউন্ডে হাড়োয়ায় তৃণমূল প্রার্থী শেখ রবিউল ইসলাম ১ লাখ ৩১ হাজার ৩৮৮ ভোটে জয়ী হওয়ার খবর আসতেই মমতা বন্দ্যোপাধ্যায় জিন্দাবাদ, অভিষেক বন্দ্যোপাধ্যায় জিন্দাবাদ, তৃণমূল কংগ্রেস জিন্দাবাদ, জয় বাংলা, ইত্যাদি শ্লোগান দিতে দিতে উচ্ছ্বাসে মেতে ওঠেন তৃণমূল নেতৃত্বরা। সেখানেও সামিল ছিলেন আব্দুল হাই। ১৩ই নভেম্বর উপনির্বাচনে ভোট দিয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ রবিউল ইসলামের বিজয় নিয়ে পূর্ণ আস্থা ব্যক্ত করে বার্তা দিয়েছিলেন হাই। সেই বার্তাই সত্যি হলো। হাড়োয়ায় তৃণমূল প্রার্থী শেখ রবিউল ইসলাম ১ লাখ ৩১ হাজার ৩৮৮ ভোটে জয়ী হয়েছেন। নিজের এলাকার জয়ের পরিসংখ্যান তুলে ধরে তৃণমূল নেতা আব্দুল হাই বলেন, প্রার্থী ঘোষণা হতেই বুথ মিটিং, চ্যাঠা বৈঠক, বাড়ি বাড়ি গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের জনকল্যাণ মূলক প্রকল্পের কথা তুলে ধরার মাধ্যমে আমরা ভোট প্রচার করেছি। সাধারণ মানুষ সাড়া দিয়েছেন, তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ রবিউল ইসলামকে বিপুল ভোটে জয়যুক্ত করেছেন, আমরা ভীষণ আনন্দিত।' উল্লেখ্য তৃণমূল নেতা আব্দুল হাইয়ের গ্রাম পাকদহ বালিপুরের দুটি বুথেও তৃণমূল কংগ্রেস উল্লেখযোগ্য ফল করেছে। পাকদহ বালিপুরের ২৮ নম্বর বুথে তৃণমূল কংগ্রেস ভোট পেয়েছে ৬৭৩ টি, লিড ৫৮৯ ভোটে। ২৯ নম্বর বুথে তৃণমূল কংগ্রেস ভোট পেয়েছে ৪৫৫ টি, সেখানে ৪১৭ ভোটে লিড পেয়েছে তৃণমূল কংগ্রেস। পাশাপাশি দাদপুর গ্রাম পঞ্চায়েত এলাকার ৩১ টি বুথে তৃণমূল ভোট পেয়েছে ২০৩১৫ টি এবং নিকটতম প্রতিদ্বন্দ্বী আইএসএফ ভোট পেয়েছে ১১৫৫ টি। তৃণমূলের জয়ের ব্যবধান ১৯১৬০।




# সিপিএমের পঞ্চায়েত সদস্য এলেন তৃণমূলে

**মোহাম্মদ সানাউল্লা ● লোহাপুর**

**আপনজন:** একের পর এক পঞ্চায়েত সদস্য ভাঙ্গন ভদ্রপুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে। সিপিএম ছেড়ে তৃণমূলে যোগ দিলেন সিপিএমের নির্বাচিত এক পঞ্চায়েত সদস্য। রবিবার বিকেলে নলহাটি ২ নম্বর ব্লক তৃণমূলের পক্ষ থেকে একটি যোগদান সভার আয়োজন করা হয়। সেখানে ভদ্রপুর দু নম্বর গ্রাম পঞ্চায়েতের সিপিএমের নির্বাচিত সদস্য রমজানূর হক তিনি তার সংসদের ১৪৫ টি পরিবারকে সঙ্গে নিয়ে তৃণমূলে যোগ দেন। এই যোগদান সবাই তাদের হাতে তৃণমূলের দলীয় পতাকা তুলে দিয়ে নবীন বরণ করেন হাঁসনের বিধায়ক অশোক কুমার চট্টোপাধ্যায়, আইনটিটিইউসির বীরভূম জেলা সভাপতি ত্রিদিব ভট্টাচার্য সহ ব্লক নেতৃত্বরা। তবে ১৭ জন নির্বাচিত সদস্য নিয়ে গঠিত হয় ভদ্রপুর দু'নম্বর গ্রাম পঞ্চায়েত। গত পঞ্চায়েত নির্বাচনে ১২ জন সদস্য তৃণমূল থেকে জয়ী হয়ে একক সংখ্যাগরিষ্ঠতায় পঞ্চায়েত গঠন করে তৃণমূল। বাকি ৫ জন সদস্য বিরোধী দলের বাম কংগ্রেস ও বিজেপির বিরোধী সদস্য হিসেবেই থাকেন। পরে এক পর্যায়ে সিপিএম এবং কংগ্রেসের দু'জন সদস্য তৃণমূলে যোগ দেন। এখন পর্যন্ত ভদ্রপুর ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে তৃণমূলের পঞ্চায়েত সদস্য সংখ্যা ১৫ জন। কেবল কাঁটাগড়িয়া গ্রাম থেকে সিপিএমের ১ জন এবং নবগ্রাম গ্রাম থেকে ১ জন।



# বিজয়গড়ে ডেকরেটর্সের গুদামে ভয়াবহ আগুন



*কলকাতার বিজয়গড়ে একটি ডেকরেটর্সের গুদামে আগুন লাগে রবিবার। বিধ্বংসী অগুনে পুড়ে ছাই হয়ে যায় ডেকরেটর্সের যাবতীয় সামগ্রী। দমকল এসে আগুন নেভায়। ছবি: মদনমোহন সামন্ত*

# প্রথম সন্তান কন্যা হওয়ায় সাজানো হল অ্যাম্বুলেন্সও!




**তানজিমা পারভিন ● হরিশ্চন্দ্রপুর**

**আপনজন:** প্রথম সন্তান কন্যা হওয়াই ফুল দিয়ে অ্যাম্বুলেন্স সাজিয়ে সদ্যোজাত কন্যা সন্তানকে হাসপাতাল থেকে বাড়িতে নিয়ে এলেন কন্যা সন্তানের বাবা ও দাদু। সমাজের এক অন্যতম নজির গড়লেন কন্যা সন্তানের পরিবার। আর সমাজেও দিলেন এক বার্তা। হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের সুলতান নগর গ্রামের বাসিন্দা ইয়াসমিন খাতুন শনিবার হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে এক কন্যা সন্তানের জন্ম দেন। আর এই খবরে খুশির হাওয়া বইতে শুরু করে গোটা পরিবারে। আজও কন্যা সন্তান হলে সমাজ তাকে ভালো চোখে দেখে না। মেয়ে মানেই বাড়তি বোঝা। সেই নিম্ন মানসিকতা থেকেই আজও সমাজে কন্যাভ্রুণ হত্যার মতো ঘটনা ঘটে। শহর থেকে গ্রাম মেয়েদের উপর অত্যাচার ও নির্যাতনের খবরের মাঝেই মন ভালো করা দৃশ্য ধরা পড়ল হরিশ্চন্দ্রপুরে। প্রসব যন্ত্রণা নিয়ে ইয়াসমিনকে শনিবার সকালে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করানো হয়। রাতে কন্যা সন্তানের জন্ম দেন তিনি। রবিবার বিকেলে অ্যাম্বুলেন্স ফুল দিয়ে সাজিয়ে ও ডিজে বাজিয়ে ফুটফুটে কন্যা সন্তান ও মাকে বাড়িতে নিয়ে আসেন পরিবারের লোকেরা। নাজমুল হোসেন ও ইয়াসমিনের এটিই প্রথম সন্তান।

# সিপিএমের সম্মেলনে ধর্মনিরপেক্ষ আদর্শ রক্ষার করার আহ্বান



**সন্ন্যাসী কাউরী ● ডেবরা**

**আপনজন:** কৃষকের ফসলের ন্যায্য মূল্য, কৃষক ও অসংগঠিত শ্রমিকদের মজুরি বৃদ্ধি, শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে স্বচ্ছতার সাথে দ্রুত শিক্ষক নিয়োগ, বন্যা নিয়ন্ত্রণ সহ বিভিন্ন দাবিতে এবংদেশের সংবিধান ও ধর্মনিরপেক্ষতা রক্ষার আহ্বান জানিয়ে সম্মেলন ও প্রকাশ্য সভার আয়োজন করলো সিপিআই(এম)। রবিবার ডেবরা ব্লকের অন্তর্গত গোলগ্রামে একটি বেসরকারি অনুষ্ঠান বাড়িতে গোলগ্রাম এরিয়া কমিটির তৃতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের আগে গোলগ্রাম বাজারে মিছিল করেন সিপিআই(এম) কর্মী সমর্থকরা। পার্টির রীতি মেনে পতাকা উত্তোলন ও শহীদ বেদীতে ফুল- মালা দিয়ে শ্রদ্ধা জানান সিপিআই(এম) নেতা কর্মীরা।

এদিনের সম্মেলন উদ্বোধন করেন পার্টির পশ্চিম মেদিনীপুর জেলা কমিটির সম্পাদক মন্ডলীর অন্যতম সদস্য প্রাণকৃষ্ণ মন্ডল। প্রাণকৃষ্ণ মন্ডল ছাড়াও এদিনের সম্মেলনে বক্তব্য রাখেন সিপিআই(এম) জেলা সম্পাদক মন্ডলীর অন্যতম সদস্য সমর মুখার্জি, গোলগ্রাম এরিয়া কমিটির সম্পাদক নলিনী হেমব্রম, সুভাষ দে, সহ অন্যান্য নেতৃত্ব। এদিনের সম্মেলনে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক জাহাঙ্গীর করিম, সিপিআইএম নেতা মঙ্গল হাঁসদা, রবীন্দ্রনাথ দত্ত, রঞ্জিত পাল সহ অন্যান্যরা। সিপিআই (এম) প্রবীণ নেতা সুভাষ দে বলেন, বর্তমান সময়ে ধর্মীয় মেরুকরণের ভিত্তিতে রাজনৈতিক ক্ষমতা দখলের চেষ্টা হচ্ছে। যার দ্বারা আমাদের দেশের সংবিধান ও ধর্মনিরপেক্ষতা আক্রান্ত হচ্ছে। তাই আমাদের প্রধান কর্তব্য ফ্যাসিবাদী ও মৌলবাদী শক্তির বিরুদ্ধে বাম গনতান্ত্রিক ধর্মনিরপেক্ষ শক্তি গুলিকে ঐক্যবদ্ধ করে বৃহত্তম আন্দোলন গড়ে তোলা।


# বহরমপুরে সাড়ম্বরে চাতক পুরস্কার প্রদান



**নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর**

**আপনজন:** চাতক ফাউন্ডেশন আয়োজিত বহরমপুর সেন্টজন অ্যাম্বুলেন্স হলে অনুষ্ঠিত হল দশম বার্ষিক চাতক সাহিত্য সম্মেলন ও চাতক পুরস্কার প্রদান অনুষ্ঠান। সকলকে স্বাগত জানিয়ে অনুষ্ঠানের সূচনা করেন চাতক ফাউন্ডেশনের সম্পাদক শেখ মফেজুল। সম্মেলনে উপস্থিত উদ্বোধক, সভাপতি, প্রধান অতিথি ও অন্যান্য অতিথিদের স্মারক দিয়ে অভ্যর্থনা জানানো হয়। উদ্বোধনী আবৃত্তি করেন রাখি বিশ্বাস। তিলোত্তমা শিল্পীগোষ্ঠীর উদ্বোধনী কোরাস সংগীত সকলকে প্রাণবন্ত করে দেয়। সম্মেলনের উদ্বোধক তানিয়া রহমত সকলকে উষ্ণ অভিনন্দন জানিয়ে অর্ধেক আকাশ অর্থাৎ নারীদের নানা কথা তুলে ধরেন। প্রধান অতিথি আলিয়া বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্টার ড. সৈয়দ নুরুস সালাম চাতকের এই পুরস্কার প্রদান অনুষ্ঠানের নানা প্রসঙ্গের কথা তুলে ধরেন। সম্মেলনের সভাপতিত্ব করেন বিশিষ্ট গল্পকার অধ্যাপক সহিদুল ইসলাম। সাহিত্য সংস্কৃতিতে চাতক পুরস্কার ২০২৪ পেলেন বিশিষ্ট কবি সাহিত্যিক তৈমুর খান। এবং শিক্ষা ও সমাজসেবার জন্য চাতক পুরস্কার ২০২৪ পেলেন সৈয়দ আব্দুর রাজ্জাক। ভিসা জটিলতার কারণে এবার বাংলাদেশ থেকে কোন প্রতিনিধি আসতে পারেননি। চাতক অনন্য নারীর সম্মান ২০২৪ পেলেন যারা দিল্লির মনীষা কর বাগচি, আসামের রুবী গুপ্তা। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে যারা চাতক অনন্য নারী সম্মাননা পেলেন উত্তর ২৪ পরগনা জেলার বাচিক শিল্পী পুষ্পিতা চট্টোপাধ্যায় ও সমাজকর্মী শাবানা পারভীন। নদীয়া জেলার শেখ শামসুন্নাহার, হুগলির অনিমা নাথ, মালদার ড. আইরিন শবনম, কুচবিহারের রিম্পি গাবুর। মুর্শিদাবাদ জেলা থেকে পেলেন কেয়া মুখার্জি রায়, নাসরিন জাহান সিদ্দিকী, খালিদা খাতুন, নাসরিন বানু প্রমুখ। মাজেদুল হক ও সারজিম মনিরা সংগীত পরিবেশন সকলকে বিমোহিত করে তোলে। পরিশেষে সভাপতি শহিদুল ইসলামের অভিভাষণেরে মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা হয়।

# আল আমীন মিল্লি মিশনে প্রবেশিকা পরীক্ষা



*আপনজন: দক্ষিণ ২৪ পরগনার হটুগঞ্জের আল-আমীন-মিল্লি মিশনের ম্যানেজমেন্ট কোটার প্রবেশিকা পরীক্ষা অনুষ্ঠিত হল রবিবার। পঞ্চম শ্রেণি হইতে নবম শ্রেণী পর্যন্ত প্রবেশিকা পরীক্ষা পর্যবেক্ষণ করার জন্য কলকাতা থেকে আসেন সৌরভ চট্টোপাধ্যায়, বাবলু মান্না। আনসার আলী, মিশনের চেয়ারম্যান আব্দুল গাফফার, মিশনের সাধারণ সম্পাদক মাওলানা আব্দুল ওহাব, সাংবাদিক আজিজুল হক প্রমুখ পরীক্ষা কেন্দ্র ঘুরে দেখেন।*

ছড়িয়ে-ছিটিয়ে

# বেহাল রাস্তা, পথ অবরোধ বাঁকড়ার সর্দারপাড়ায়



**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** হাওড়ার ডোমজুড় বিধানসভা এলাকার বাঁকড়া তিন নম্বর গ্রাম পঞ্চায়েতের সর্দারপাড়া হসপিটাল রোডের বর্তমানে বেহাল অবস্থা। দীর্ঘদিন ধরে এখানকার বেহাল রাস্তার কোনও সংস্কার না হওয়ায় ভাঙা রাস্তায় নর্দমা উপচে নোংরা জমা জলে মুখ থুবড়ে পড়ছে গাড়ি। দুর্ঘটনার শিকার হচ্ছেন সাধারণ পথচলতি মানুষ। অভিযোগ, নিকাশির কাজ না হওয়ায় সারা বছর নর্দমা উপচে জল জমে থাকে রাস্তায়। বার বার প্রসাশনকে জানিয়েও কোনও কাজ না হওয়ায় রবিবার এলাকাবাসীরা পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। দীর্ঘক্ষণ এই অবরোধ চলে। অবশেষে পঞ্চায়েতের সদস্য এবং প্রশাসনিক প্রধানরা এসে আশ্বাস দিলে অবরোধ ওঠে।

# দেবের সভায় তৃণমূলের দুটি গোষ্ঠীর সংঘর্ষ



**নিজস্ব প্রতিবেদক ● ঘাটাল**

**আপনজন:** ঘাটালে শিশুমেলা নিয়ে তৃণমূলের গোষ্ঠী কোন্দল অনেক আগেই প্রকাশ্যে এসেছে। তবে সেই গোষ্ঠ কোন দল এবার রক্তারক্তিতে পরিণত হলো। রবিবার বিকেলে পশ্চিম মেদিনীপুর জেলার অন্তর্গত ঘাটাল অরবিন্দ স্টেডিয়ামে ঘাটাল শিশুমেলা নিয়ে একটি মিটিং এর আয়োজন করা হয়। মিটিংয়ে উপস্থিত হওয়ার কথা ঘাটালের সাংসদ দেবের। সাংসদ আসার আগেই তার অনুগামীরা ভিড় জমান স্টেডিয়ামে। অন্যদিকে ঘাটালের প্রাক্তন বিধায়ক সংকটদলের অনুগামীরাও আসতে শুরু করে। সাংসদ এসে পৌঁছালে দেবের সামনেই দুই গোষ্ঠীর তৃণমূল কর্মীরা মুখোমুখি বাক-বিতণ্ডায় জড়িয়ে পড়ে। তার থেকে শুরু হয় লাঠি হাতে তাড়া করে যাওয়া, শেষে গিয়ে পৌঁছায় ধস্তাধস্তি থেকে রক্তারক্তিতে। সংসদের সামনে চলে কিল-ঘুসি-চড়। শেষে বাধ্য হয়ে বৈঠক ছেড়ে বেরিয়ে যাই দীপক অধিকারী।

# জেলা পুলিশের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** খেটে-খাওয়া গরীব মানুষদের কথা ভেবে রবিবার বীরভূম জেলা পুলিশের উদ্যোগে ও লোকপুর থানার আয়োজনে স্থানীয় থানার নওপাড়া গ্রামের সদ্ভাব মন্ডপ কমিউনিটি হল চত্বরে এদিন নওপাড়া গ্রামের দেড়শত দুস্থ মানুষদের হাতে শীতবস্ত্র তুলে দেওয়া হলো।শীতের মরশুমের প্রাক্কালে শীতবস্ত্র পেয়ে স্বভাবতই খুশি মানুষজন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডি এস পি হেডকোয়ার্টার তৌহিদ আনোয়ার,লোকপুর থানার ও সি পার্থ কুমার ঘোষ,এ এস আই নয়ন ঘোষ সহ বহু বিশিষ্ট ব্যাক্তিবর্গ। শীতবস্ত্র বিতরণ কর্মসূচী সম্পর্কে নওপাড়া গ্রামের বাসিন্দা তথা স্থানীয় আহমেদিয়া হাই মাদ্রাসার অবসরপ্রাপ্ত শিক্ষক সেখ লুতুব বলেন, লোকপুর থানা এলাকার অন্যান্য গ্রামগুলোতেও দুস্থদের শীত বস্ত্র বিতরণ করা হবে যা সত্যিই প্রশংসনীয়।

# ইয়ামালের অভাব হাড়ে হাড়ে টের পেয়ে ‘খুব বাজে’ খেলল বার্সা




**আপনজন ডেস্ক:** প্যাম্পলোনায় গত ২৮ সেপ্টেম্বর ওসাসুনার মাঠে বার্সেলোনার একাদশে ছিলেন না লামিনে ইয়ামাল। সেই ম্যাচ ৪-২ গোলে হেরেছিল বার্সা। ১০ নভেম্বর রিয়াল সোসিয়েদাদের বিপক্ষেও খেলেননি ইয়ামাল। ফল পাল্টায়নি বার্সার। হেরেছিল ১-০ গোলে। গতকাল রাতে সেল্তা ভিগোর মাঠেও দেখা যায়নি বার্সা উইঙ্গারকে। এবার অবশ্য ফল পাল্টেছে। তবে জয় নয় ২-২ গোলে ড্র করেছে হান্সি ফ্লিকের দল।

বার্সা লা লিগায় এ মৌসুমে ১১ ম্যাচ জিতেছে, কিন্তু চোটের কারণে মাঠের বাইরে থাকা ১৭ বছর বয়সী তারকা ইয়ামালকে ছাড়া ৩ ম্যাচে পূর্ণ ৩ পয়েন্ট তুলে নিতে ব্যর্থ হলো। কাতালান ক্লাবটির কোচ ফ্লিক তাই চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন বার্সা স্কোয়াডের প্রতি, পারলে ইয়ামালকে ছাড়া জিতে দেখাও! শুধু তা-ই নয়, সেল্তার মাঠে হারের বিশ্লেষণে এই জার্মান কোচ বলেছেন, তাঁর দল ‘খুব বাজে’ ম্যাচ খেলেছে।

ম্যাচের ১৫ মিনিটে রাফিনিয়া ও ৬১ মিনিটে রবার্ট লেভানডফস্কির গোলে এগিয়ে গিয়েছিল বার্সা। পতনের শুরু হয় ৮০ মিনিটের পর থেকে। ৮২ মিনিটে সেল্তার মিডফিল্ডার ইলাইক্স মোরিবাকে ফাউল করে দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন বার্সার ডিফেন্সিভ মিডফিল্ডার মার্ক কাসাদো। ১০ জনে পরিণত হওয়া দলটির বিপক্ষে এরপর ৮৪ ও ৮৬ মিনিটে দুটি গোল করে পয়েন্ট কেড়েছে স্বাগতিকেরা। জুলস কুন্দের ভুল থেকে সেল্তার প্রথম গোলটি এনে দেন আলফনসো গঞ্জালেস। ২ মিনিট পরের গোলটি হুগো আলভারেজের।

পয়েন্ট খোয়ানোর পর বার্সা কোচ ফ্লিক বলেছেন, ‘আমরা ম্যাচে খুব বাজে খেলেছি। আমরা যা দেখতে চাই, তেমন কিছু ছিল না। সাধারণত যেমন ফুটবল খেলি, এটা তেমন ছিল না।’ স্ট্রিমিং প্ল্যাটফর্ম ডিএজেডএনকে ফ্লিক আরও বলেছেন, ‘ম্যাচটা আমাদের নিয়ন্ত্রণেই ছিল। কিন্তু লাল কার্ডের প্রভাব পড়েছে, ওরা দুটি মুভে দুটি গোল করেছে, যেখান থেকে আমাদের শিখতে হবে।’

ম্যাচে লেভার একটি গোলও বাতিল হয়। লা লিগায় এবারের মৌসুমে ১৫ গোল নিয়ে শীর্ষে পোলিশ তারকা। রাফিনিয়াও আরও একটি গোল পেতে পারতেন, কিন্তু বল মেরেছেন পোস্টে। বার্সা গোলকিপার ইনাকি পেনা দারুণ কিছু সেভ করেন। বিশেষ করে হুগো আলভারেজের একটি প্রচেষ্টা পা দিয়ে রুখে দেন পেনা।

একই রাতে আলাভেসের বিপক্ষে ২-১ গোলে ঘুরে দাঁড়িয়ে জিতেছে আতলেতিকো মাদ্রিদ। ক্লাবটির কোচ হিসেবে এটা ছিল ডিয়েগো সিমিওনের ৭০০তম ম্যাচ।

১৪ ম্যাচে ৩৪ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে বার্সা। সমান ম্যাচে ২৯ পয়েন্ট নিয়ে দুইয়ে আতলেতিকো। তৃতীয় রিয়াল মাদ্রিদের সংগ্রহ ১২ ম্যাচে ২৭ পয়েন্ট।

## ইংলিশ প্রিমিয়ার লিগ

# সালাহর জোড়া গোলে জিতে সিটির চেয়ে ৮ পয়েন্ট এগিয়ে গেল লিভারপুল



**আপনজন ডেস্ক:** সাউদাম্পটন ২ : ৩ লিভারপুল

ম্যানচেস্টার সিটির চেয়ে ৮ পয়েন্টে এগিয়ে যাওয়ার সুযোগ হারাল না লিভারপুল। পিছিয়ে পড়েও আজ সাউদাম্পটনের মাঠ থেকে ৩-২ গোলে জয় নিয়ে ফিরেছে আর্নে স্লটের দল। ২-১ গোলে পিছিয়ে পড়ার পর মোহাম্মদ সালাহর জোড়া গোল ৩ পয়েন্ট এনে দিয়েছে লিভারপুলকে।

১২ ম্যাচে পাওয়া দশম জয়ে ৩১ পয়েন্ট হলো লিভারপুলের। সব প্রতিযোগিতা মিলিয়ে অবিশ্বাস্যভাবে টানা পাঁচ ম্যাচ হারা ম্যানচেস্টার সিটির পয়েন্ট সমান ম্যাচে ২৩। চেলসি, আর্সেনাল ও ব্রাইটনের পয়েন্ট ২২। তবে গোলের হিসাবে চেলসি তিনে, আর্সেনাল চারে ও ব্রাইটন আছে পাঁচে।

সাউদাম্পটনের আজ প্রথম গোলটি করেছিল লিভারপুলই। ৩০ মিনিটে সাউদাম্পটনের রক্ষণ হাস্যকরভাবে বল তুলে দেয়ে দমিনিক সোবোসলাইয়ের পায়ে। সেই উপহার পেয়ে গোল করতে ভুলেননি হাঙ্গেরিয়ান তারকা। ১২ মিনিট পর সমতায় ফেরে সাউদাম্পটন। অ্যাডাম আর্মস্ট্রংয়ের পেনাল্টি ফিরিয়ে দিলেও শেষ রক্ষা করতে পারেননি লিভারপুল গোলরক্ষক কেলাহার। ফিরতি বলে আর্মস্ট্রং কেলাহারকে ফাঁকি দিয়ে গোল পেয়ে যান। ৫৬ মিনিটে এগিয়ে যায় সাউদাম্পটন। এবারের গোলটি ম্যাতেউস ফের্নান্দেসের। পিছিয়ে পড়ার পর একের পর এক আক্রমণে সাউদাম্পটনকে ব্যতিব্যস্ত করে ফেলা লিভারপুল সমতা ফেরায় ৬৫ মিনিটে। রায়ান গ্রাভেনবার্চের পাস ডান পাশ থেকে আগুয়ান সালাহকে খুঁজে নেয়। সাউদাম্পটনের ডিফেন্সকে ফাঁকি দিয়ে বুটের ডগার টোকায় এগিয়ে আসা সাউদাম্পটন গোলরক্ষক ম্যাকার্থিকে পরাস্ত করেন সালাহ। ১৭ মিনিট পর পেনাল্টি পায় লিভারপুল। সালাহর ক্রস ঠেকাতে গিয়ে হ্যান্ডবল করেন সাউদাম্পটনের সুগাওয়ারা। দারুণ এক শটে গোল পেয়ে যান সালাহ। হ্যাটট্রিকের সুযোগও পেয়েছিলেন সালাহ। ৮৮ মিনিটের তাঁর শট পোস্টে প্রতিহত হয়।

# কোহলি-জয়সোয়ালের সেঞ্চুরির পর বুমরা ও সিরাজের ২০ বলের তোপ




**আপনজন ডেস্ক:** হাসতে হাসতে মাঠ ছাড়ছিলেন ভারতীয় দলের সবাই। মাঠ ছাড়ায় নেতৃত্ব দিতে রাহুল-পন্তরা সামনে ঠেলে দিলেন বিরাট কোহলিকে, সারা দিনে সবচেয়ে বেশি রান এসেছে তাঁর ব্যাট থেকেই। কিন্তু ক্যারিয়ারজুড়ে এমন মুহূর্ত অনেক পেয়েছেন কোহলি, তিনি সামনে পাঠাতে চাইলেন যশস্বী জয়সোয়ালকে। ১৬১ রানের অনবদ্য ইনিংস খেলে ম্যাচটা ভারতের অনুকূলে এনে দিয়েছেন তো ২২ বছরের এই তরুণই।

শেষ পর্যন্ত সমাধান দিলেন অধিনায়ক। জয়সোয়ালের সঙ্গে কোহলিকেও সামনে এগিয়ে দিলেন যশপ্রীত বুমরা। কিছুক্ষণ আগে এই বুমরাই ১৪ বলের ছোট্ট এক স্পেলে অস্ট্রেলিয়ার টপ অর্ডার নাড়িয়ে দিয়েছেন, এলবিডব্লুর ফাঁদে ফেলে তুলে নিয়েছেন মারনাস লাবুশেন ও নাথান ম্যাকসুয়েনির উইকেট। দিনের শেষে ভারতীয় দলের মাঠ ছাড়ার এই দৃশ্যেই আছে পার্থ টেস্টে তৃতীয় দিনের খেলার সারাংশ। জয়সোয়ালের দেড় শ আর কোহলির সেঞ্চুরিতে দ্বিতীয় ইনিংসে ৬ উইকেটে ৪৮৭ রান তুলে অস্ট্রেলিয়াকে ৫৩৪ রানের বিশাল লক্ষ্য দিয়েছে ভারত। যা তাড়া করতে নেমে শেষ বেলায় ২০ বলের মধ্যেই ১২ রানে ৩ উইকেট হারিয়েছে অস্ট্রেলিয়া। জয়ের লক্ষ্য আরও ৫২১ রান দূরে, যা নিয়ে কথা না বলাই ভালো। ম্যাচের বাকি আরও দুই দিন, এ ম্যাচে অস্ট্রেলিয়ার পরাজয় একরকম লেখাই হয়ে গেছে।

তৃতীয় দিনের শেষ বিকেলে অস্ট্রেলিয়া যে মিনিট বিশেকের মধ্যেই ৩ উইকেট হারিয়ে ফেলল, তাতে বুমরার শিকার ২ উইকেট, সিরাজের ১। তবে ম্যাচটাকে পুরোপুরিই ভারতের বানিয়ে ফেলার মূলে আসলে জয়সোয়াল ও কোহলি। আগের দিন ৯০ রানে অপরাজিত থাকা জয়সোয়াল সকাল থেকে আরও স্বচ্ছন্দে খেলে যোগ করেছেন আরও ৭১ রান। তাঁর ওপেনিং সঙ্গী লোকেশ রাহুল অবশ্য বেশিক্ষণ টিকতে পারেননি। ৬২ রান নিয়ে দিন শুরু করা রাহুল আর ১৫ রান যোগ করে মিচেল স্টার্কের শিকার হন দিনের ষষ্ঠ ওভারে। অস্ট্রেলিয়ার মাটিতে ওপেনিংয়ে ভারতীয় রেকর্ড জুটিটি ভাঙে ২০১ রানে। এরপর উইকেটে থিতু হলেও ইনিংস বড় করতে পারেননি দেবদূত পাড়িক্কাল (২৭)।

এর মধ্যেই হ্যাজলউডের বাউন্সারে র‍্যাম্প শটে ছক্কা মেরে অস্ট্রেলিয়ায় প্রথম আর ক্যারিয়ারের চতুর্থ টেস্ট সেঞ্চুরি পূর্ণ করেন জয়সোয়াল। দ্বিতীয় পানি পানের বিরতির আগে পৌঁছে যান দেড় শতেও।

জয়সোয়ালের ১৫ চার ৩ ছয়ে গড়া ১৬১ রানের ইনিংসটি থামে মিচেল মার্শের বলে কাট করতে গিয়ে স্টিভেন স্মিথের হাতে ক্যাচ দিয়ে। এরপর অবশ্য ছোটখাটো একটা বিপর্যয়ও শুরু হয় ভারতের ব্যাটিং লাইনআপে। জয়সোয়াল ফেরার পরের ১৬ বলের মধ্যে ফেরেন ঋষভ পন্ত ও ধ্রুব জুরেলও। ২ উইকেটে ৩১৩ থেকে ভারতের স্কোর হয়ে যায় ৫ উইকেটে ৩২১। এখান থেকে ভারতের রান পাঁচ শর কাছাকাছি নিয়ে যাওয়ার কৃতিত্বটা কোহলির। ষষ্ঠ উইকেটে ওয়াশিংটন সুন্দরকে নিয়ে ৮৯ আর অবিচ্ছিন্ন সপ্তম উইকেটে নীতিশ রেড্ডিকে নিয়ে গড়েন ৭৭ রানের জুটি। কোহলি তাঁর ৩০তম সেঞ্চুরিতে পৌঁছান লাবুশেনকে ফাইন লেগ দিয়ে বাউন্ডারি ছাড়া করে। টেস্টে ১৫ ইনিংস আর তিন সংস্করণ মিলিয়ে ২৯ ইনিংস পর কোহলির সেঞ্চুরি আসতেই ভারতের দ্বিতীয় ইনিংস ঘোষণা করেন বুমরা। ৫৩৩ রানে এগিয়ে থাকা ভারত এর অনেক আগে থেকেই জয়ের সুবাস পেতে শুরু করেছে।

**সংক্ষিপ্ত স্কোর**

অস্ট্রেলিয়া: ১০৪ ও ১২/৩ (খাজা ৩*; বুমরা ২/১, সিরাজ ১/৭)।
ভারত: ১৫০ ও ৪৮৭/৬ ডিক্লে. (জয়সোয়াল ১৬১, কোহলি ১০০*, রাহুল ৭৭, নীতিশ ৩৮*, ওয়াশিংটন ২৯; লায়ন ২/৯৬, হ্যাজলউড ১/২৮)।
(তৃতীয় দিন শেষে)

# আইয়ারকে টপকে আইপিএলের সর্বোচ্চ দামি ক্রিকেটার পন্ত



**আপনজন ডেস্ক:** রেকর্ডটা ২৫ মিনিটও ধরে রাখতে পারলেন না শ্রেয়াস আইয়ার। ভারতীয় মুদ্রায় ২৬ কোটি ৭৫ লাখ টাকাতে আইপিএলের ইতিহাসে সর্বোচ্চ দামি ক্রিকেটার হয়েছিলেন তিনি। কিন্তু ২৫ মিনিটের ব্যবধানে সেই রেকর্ড নিজের করে নিলেন তারই সতীর্থ ঋষভ পন্ত।

ভারতীয় মুদ্রায় পন্তকে ২৭ কোটি টাকাতে দলে নিয়েছে লক্ষ্ণৌ সুপার জায়ান্টস।

সর্বশেষ দিল্লি ক্যাপিটালসে খেলেছেন উইকেটরক্ষক ব্যাটার। রাইট টু ম্যাচ কার্ডে তাকে ধরে রাখতে পারত দিল্লি। তবে দাম অনেক হওয়ায় শেষ পর্যন্ত তাকে ধরে রাখেনি তারা।

আইপিএলের সর্বোচ্চ দামি খেলোয়াড় হবেন পন্ত এমনটা অবশ্য জেদ্দায় নিলাম শুরুর আগেই গুঞ্জন উঠেছিল। শেষ পর্যন্ত তাই হলো। তবে তার আগে রেকর্ড গড়েছিলেন আইয়ার। গত টুর্নামেন্টে কলকাতা নাইট রাইডার্সকে শিরোপা জেতানো ব্যাটার এবার খেলবেন পাঞ্জাব কিংসের হয়ে। ২৬ কোটি ৭৫ লাখ টাকাতে পাঞ্জাব কেনায় টুর্নামেন্টের ইতিহাসে সর্বোচ্চ দামি ক্রিকেটার হয়েছিলেন।

তবে পন্ত দামি খেলোয়াড় হওয়ায় এখন দ্বিতীয় সর্বোচ্চ ক্রিকেটার হয়ে থাকতে হচ্ছে তাকে।

এর আগে দামি খেলোয়াড় হওয়ার পথে মিচেল স্টার্কের রেকর্ড ভেঙে দিয়েছিলেন আইয়ার। গত নিলামে তাকে ২৪ কোটি ৭৫ লাখ টাকাতে কলকাতা নাইট রাইডার্স কিনেছিল। এবার অবশ্য ১১ কোটি ৭৫ লাখ টাকাতে দিল্লি ক্যাপিটালস অস্ট্রেলিয়ান পেসারকে নিয়েছে।

# জিম্বাবুয়ের কাছে ওয়ানডে হারল পাকিস্তান



**আপনজন:** ৬৩–জিম্বাবুয়ের বিপক্ষে ওয়ানডেতে এ কয়টি ম্যাচ এখন পর্যন্ত খেলেছে পাকিস্তান। স্বাভাবিকভাবেই জয়-পরাজয়ের অনুপাতে জিম্বাবুয়ের চেয়ে অনেক অনেক এগিয়ে তারা। আজ বুলাওয়েতে ম্যাচের আগে ওয়ানডেতে দুই দল সর্বশেষ মুখোমুখি হয়েছিল ২০২০ সালের নভেম্বরে, রাওয়ালপিন্ডিতে। টাই হওয়া সেই ম্যাচে সুপার ওভারে জিতেছিল জিম্বাবুয়ে। কিন্তু ম্যাচের আনুষ্ঠানিক ফলে ‘টাই’ই লেখা থাকবে সেটা।

সেটাকে টাই হিসাব করলে আজকের আগে পর্যন্ত খেলা ৬২ ম্যাচের ৫৪টিতে জিতেছে পাকিস্তান, টাই হয়েছে তিনটি ম্যাচ, জিম্বাবুয়ে জিতেছে পাঁচটিতে। এই হিসেবে জিম্বাবুয়ের কাছে বাংলাদেশ সর্বশেষ হেরেছে ২০১৫ সালে। হারারের সেই হারের ৯ বছর পর এবার বুলাওয়েতে হারল পাকিস্তান। বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ডিএলএস পদ্ধতিতে ম্যাচটি ৮০ রানে হেরেছে মোহাম্মদ রিজওয়ানের দল।

তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে আজ টসে হেরে ব্যাটিংয়ে নেমে জিম্বাবুয়ে ৪০.২ ওভারে ২০৫ রানে অলআউট হয়েছে জিম্বাবুয়ে। ৫২ বলে ৫ চার ও ১ ছয়ে সর্বোচ্চ ৪৮ রান করেছেন রিচার্ড এনগারাভা। পাকিস্তানের পক্ষে ৩টি করে উইকেট নিয়েছেন আগা সালমান ও অভিষিক্ত ফয়সাল আকরাম। একটি করে উইকেট নিয়েছেন আমির জামাল, মোহাম্মদ হাসনাইন ও হারিস রউফ।

২০৬ রানের জয়ের লক্ষ্যে খেলতে নেমে নিয়মিত বিরতিতে উইকেট হারাতে থাকে পাকিস্তান। ২১ ওভারে ৬০ রান তুলতেই ৬ উইকেট হারায় তারা। এরপর আসে বৃষ্টি। খেলাই আর শুরু হতে পারেনি। ডিএলএসের হিসাবে তখন জয় থেকে ৮০ রানে পেছেন পাকিস্তান।

# জামশেদপুরের সঙ্গে তিন গোলে জিতে আইএসএল টেবিলের শীর্ষে মোহনবাগান



**আপনজন ডেস্ক:** গ্রেগ স্টুয়ার্ট নেই তো কী হয়েছে? মোহনবাগান সুপার জায়েন্টে গোল করার লোকের অভাব নেই। তা আরও একবার প্রমাণ করে দিলেন হোসে মোলিনার ছেলেরা। ডাগ আউটে খালিদ জমিলের না থাকাই কি পার্থক্য গড়ে দিল? সে উত্তর তোলা থাক। আপাতত জামশেদপুরকে গোলে হারিয়ে শীর্ষে উঠে এল মোহনবাগান।

প্রথমর্ধেই দুই গোলে এগিয়ে গিয়েছিল সবুজ-মেরুন। প্রথম গোল আসে ডিফেন্ডার টম অ্যালড্রেডের ভলি থেকে। দিমিত্রি পেত্রাতোসের কর্নার কোনওমতে ডিফেন্ড করেন জামশেদপুর ডিফেন্ডাররা। তবে বল গিয়ে পড়ে দীপক টাংড়ির পায়ে। তাঁর শট পেনাল্টি বক্সের মধ্যে বুটের জঙ্গলে আটকে যেতে বল পান অ্যালড্রেড। তাঁর জোরালো ভলি গোলে ঢুকে যায়। ম্যাচের বয়স তখন মাত্র ১৭ মিনিট। প্রথমর্ধের একেবারে শেষলগ্নে দুরন্ত গোল লিস্টনের। পেনাল্টি বক্সে ঢুকে শট করার আগে নয় নয় করে ছয় ডিফেন্ডারকে কাটিয়ে গোলে শট করে যান এই উইঙ্গার।

চাপে পড়ে গিয়ে দ্বিতীয়ার্ধে ব্যবধান কমাতে উঠে পড়ে লাগে খালিদ জমিলের ছেলেরা। আক্রমণ তুলে আনতে থাকেন হাবি হার্নান্ডেজ, রেইতা চিকাওয়ারা। তবে মোহনবাগান ডিফেন্স ভাঙার জন্য তা যথেষ্ট ছিল না। টানা ১৩ মিনিট নিরন্তর আক্রমণ শনিয়েও পরিষ্কার কোনও সুযোগ তৈরি করতে পারেনি জামশেদপুর। এর মধ্যেই কর্নার পেয়ে গিয়েছিল তাঁরা। সেই সেটপিস থেকেও বিপদ হতে দেননি জেমি ম্যাকলরেন। দলের প্রয়োজনে ডিফেন্স নেমে এসে ক্লিনশিট রক্ষা করার আপ্রাণ চেষ্টাই এই মোহনবাগান দলের হলমার্ক। প্রথমদিকে মোহনবাগানকে কিছুটা নরবড়ে লাগলেও সময় যত গড়াচ্ছে ততই নিজেদের গুছিয়ে নিচ্ছে গতবারের লিগ শিল্ড চ্যাম্পিয়নরা। দ্বিতীয়ার্ধে রণকৌশলে বদল আনেন মলিনা। আক্রমণে যাওয়ার বদলে কাউন্টার অ্যাটাকে জোর দেয় সবুজ-মেরুন। আর তাতেই আসে তৃতীয় গোল। ৭৪ মিনিটে মনবীর সিং ও ম্যাকলরনের যুগলবন্দী সবুজ-মেরুনকে শীর্ষে নিয়ে যায়। ডানদিক থেকে দারুণ দক্ষতায় উঠে এসে গোলকিপারকে কাটিয়ে ফেলেন তারকা উইঙ্গার। ছন্নছাড়া ডিফেন্সের সুযোগে জামশেদপুরের লজ্জা আরও বাড়ান অজি স্ট্রাইকার।

এই জয়ের ফলে শীর্ষে উঠে এল মোহনবাগান। বেঙ্গালুরু এফসির সঙ্গে তাদের পয়েন্টের ব্যবধান যেমন ঘুচে গেল তেমনই গোল পার্থক্য অনুসারেও সুনীল ছেত্রীদের টপকালেন পেত্রাতোসরা।

# ৩৬৯ দিন পর পাওয়া সেঞ্চুরিতে ব্র্যাডম্যান ও টেন্ডুলকারকে ছাড়িয়ে গেলেন কোহলি



**আপনজন ডেস্ক:** ৩৬৯ দিন! দিনের হিসাবে এক বছরের চেয়ে বেশি। তবে এর মধ্যে বিরাট কোহলি খেলেছেন মাত্র ৭টি টেস্ট। এই সাত ম্যাচে কোনো সেঞ্চুরি নেই বলে কোহলিকে নিয়ে কত আলোচনা-সমালোচনাই না হয়েছে ক্রিকেটবিশ্বে। সব সমালোচনার জবাব কোহলি আজ তাঁর ব্যাটেই দিলেন। আর এটা ভারত দলের জন্য দারুণ গুরুত্বপূর্ণ এক টেস্টে, পার্থে বোর্ডার-গাভাস্কার ট্রফির প্রথম ম্যাচে। এক বছর তিন দিন পর পাওয়া সেঞ্চুরিতে অনেক কীর্তি গড়েছেন কোহলি—একদিক থেকে ছাড়িয়ে গেছেন নিজের আদর্শ শচীন টেন্ডুলকারকে, আরেক দিক থেকে ব্র্যাডম্যানকে।

এ দুজনকে ছাড়িয়ে যাওয়া কোহলি অন্য আরেকটি রেকর্ডে পাশে বসেছেন রিকি পন্টিংয়ের। অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট ক্রিকেটে ভারতীয়দের মধ্যে সবচেয়ে বেশি সেঞ্চুরির রেকর্ডে এত দিন টেন্ডুলকারের সঙ্গে যৌথভাবে শীর্ষে ছিলেন কোহলি। দুজনেরই ছিল ৬টি করে সেঞ্চুরি। আজকের সেঞ্চুরিতে কোহলি ছাড়িয়ে গেলেন টেন্ডুলকারকে। এশিয়ান ব্যাটসম্যানদের মধ্যেও অস্ট্রেলিয়ার মাটিতে কোনো একজন ব্যাটসম্যানের সবচেয়ে বেশি সেঞ্চুরির রেকর্ড এটা। টেন্ডুলকারকে ছাড়িয়ে পন্টিংয়ের পাশে বসেছেন কোহলি। ভারত-অস্ট্রেলিয়া টেস্ট লড়াইয়ে অস্ট্রেলিয়ার মাটিতে এত দিন সবচেয়ে বেশি ৭টি সেঞ্চুরির রেকর্ড এককভাবে ছিল পন্টিংয়ের। পার্থের সেঞ্চুরিতে পন্টিংয়ের সেই রেকর্ডেই ভাগ বসালেন কোহলি। তবে ভারত-অস্ট্রেলিয়া টেস্ট লড়াইয়ে সব মিলিয়ে সর্বোচ্চ ১১টি সেঞ্চুরির রেকর্ড এখনো টেন্ডুলকারের দখলেই আছে। রইল বাকি কিংবদন্তি ব্র্যাডম্যান! তাঁকে কীভাবে ছাড়িয়ে গেলেন কোহলি? টেস্ট ক্যারিয়ারে সবচেয়ে বেশি সেঞ্চুরির তালিকায় এত দিন ব্র্যাডম্যানের সঙ্গেই ছিলেন ভারতের তারকা ব্যাটসম্যান। দুজনের সেঞ্চুরিই ছিল ২৯টি করে। আজ ক্যারিয়ারের ৩০তম টেস্ট সেঞ্চুরিটি পেয়েছেন কোহলি। টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশি ৫১টি সেঞ্চুরি টেন্ডুলকারের। ৪৫টি সেঞ্চুরি নিয়ে এর পরেই আছেন দক্ষিণ আফ্রিকার সাবেক অলরাউন্ডার জ্যাক ক্যালিস। পন্টিংয়ের টেস্ট সেঞ্চুরি ৪১টি। টেস্টে সর্বোচ্চ সেঞ্চুরির তালিকায় অনেক নিচের দিকেই কোহলির নাম। তবে আন্তর্জাতিক ক্রিকেটের তিন সংস্করণ মিলিয়ে সর্বোচ্চ সেঞ্চুরির তালিকায় কোহলির নাম দুই নম্বরে। সেঞ্চুরির সেঞ্চুরি নিয়ে এই তালিকায় সবার ওপরে কিংবদন্তি টেন্ডুলকার। কোহলির সেঞ্চুরি ৮১টি। ৭১টি সেঞ্চুরি নিয়ে এই তালিকায় তৃতীয় স্থানে আছেন পন্টিং।

বুঝে পড়ি ডাক্তারি
MBBS/BDS/BAMS/MD/MS/DNB
দেশে বিদেশে মেডিকেল কলেজ/ ইউনিভার্সিটিতে
ভর্তির সু-পরামর্শ
9804281628 /8100057613
CHECKMATE CAREER
DESIGNING FUTURE
Park Circus Kolkata
www.checkmatecareer.com
ভবিষ্যতের ভাবনায় ভর্তি

দানবীর অ্যাকাডেমি
ভর্তি চলছে
প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত
শিক্ষাবর্ষ ২০২৫ ● আবাসিক বালক বিভাগ
স্বল্প খরচে সুশিক্ষার একটি আদর্শ পীঠস্থান
আপনার সন্তানের সার্বিক উন্নতির জন্য আমাদের ওপর নির্ভর করতে পারেন।
দুস্থ, এতিম ছাত্রের জন্য বিশেষ সুযোগ
ভর্তির পরীক্ষা
২৪.১১.২০২৪
রবিবার, সকাল ১০টা
ফর্ম ফিলাপ চলছে
বাড়গড়চুমুক ● শ্যামপুর ● হাওড়া ● পিন-৭১১৩১২
9143076708 8513027401
ইন্ডিয়া বুক অফ রেকর্ডস হোল্ডার প্রতিষ্ঠান


মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**